লেকচার

SSC সৃজনশীল

Short সিলেবাসে

# ব্যবসায় উদ্যোগ

TEST PAPERS WITH MADE EASY

+ Q BANK

EXAM 2023

সকল বোর্ড

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

মূল বইয়ের বাইরে আরও মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও

**শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–৭**

১. মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা .......... ৩

২. সরকারি করোনেশন বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা .......... ৪

৩. কুমিল্লা মডার্ন হাই স্কুল .......... ৫

৪. ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম .......... ৬

৫. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী .......... ৭

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও

**শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৮–১২**

৬. মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা .......... ৮

৭. বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা .......... ৯

৮. সরকারি করোনেশন বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা .......... ১০

৯. চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয় .......... ১১

১০. শহীদ আবদুর রব সেরনিয়াবাদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল .......... ১২

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও

**এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ১৩–১৭**

১১. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ .......... ১৩

১২. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ .......... ১৪

১৩. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ .......... ১৫

১৪. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ .......... ১৬

১৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ .......... ১৭

অধিক অনুশীলনের মাধ্যমে সেরা প্রস্তুতির জন্য মূল বইয়ের বাইরে আরও

**এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ১৮–২২**

১৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ .......... ১৮

১৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭ .......... ১৯

১৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮ .......... ২০

১৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯ .......... ২১

২০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০ .......... ২২


লেকচার

# মূল বইয়ের বাইরে আরও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ জনাব 'ক' একজন আলুর ব্যবসায়ী। তিনি খুব দক্ষ ব্যবসায়ী হিসেবে পরিচিত। আলু উঠার সময় তিনি অনেক আলু কিনে সারা বছর বিক্রির জন্য জমা করে রাখেন। হঠাৎ অগ্নিকাণ্ডে সমস্ত আলু নষ্ট হয়ে যায়। ফলে তার ব্যবসায়টি বন্ধ হয়ে যায়।

ক. বাণিজ্য কী? ১

খ. "ব্যবসায় দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখছে"— ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'ক' এর ব্যবসায়ে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? বর্ণনা কর। ৩

ঘ. কোন পদক্ষেপটি জনাব 'ক' কে ব্যবসায়টি টিকে থাকতে সহায়তা করতে পারত বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

২ ▶ হবিগঞ্জের ইদ্রিস মিয়া সৌদি আরব থেকে দেশে ফেরার সময় চারা উৎপাদনের জন্য কিছু খেজুর নিয়ে আসেন। বীজ বপন করেন বাড়ির পাশে। উর্বর মাটি, অনুকূল আবহাওয়া নতুন চারা গজায়। একসময় ফল ধরতে শুরু করে। বর্তমানে বছরে আড়াই লাখ টাকার ফল বিক্রয় করেন। এখন তিনি নিজেই সৌদি খেজুরের চারা উৎপাদন করে বিক্রি করেন। চারা বিক্রির আয়ও লাখ টাকা ছাড়িয়েছে।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. কীভাবে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. ইদ্রিস মিয়ার খেজুরের চারা উৎপাদনের কাজটি কোন শিল্পের অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ইদ্রিস মিয়ার এ সাফল্য ব্যবসায়িক পরিবেশের কোন উপাদান মুখ্য ভূমিকা রাখছে বলে তুমি মনে কর? ৪

৩ ▶ জনাব সুমন একটি মৎস্য খামার প্রতিষ্ঠা করেন। কিন্তু আগ থেকে মৎস্য খামার সম্পর্কে জ্ঞান না থাকায় তিনি লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে মৎস্য চাষের ওপর প্রশিক্ষণ নেয়ার ফলে ধীরে ধীরে তিনি লাভের মুখ দেখতে শুরু করেন। বর্তমানে তিনি তিনটি মৎস্য খামারের মালিক।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. ব্যবসায় সম্প্রসারণে জনাব সুমনের মধ্যে কোন গুণটি প্রতিফলিত হয়েছে বর্ণনা কর। ৩

ঘ. জনাব সুমনের ব্যবসায় সফলতার কারণ— বিশ্লেষণ কর। ৪

৪ ▶

| | | |
|---|---|---|
| ১. হাঁস-মুরগি পালন | ৫. পিঠা তৈরি | ৯. বেতের সামগ্রী |
| ২. রাবার তৈরি | ৬. ভূমি ক্রয়-বিক্রয় | ১০. কম্পিউটার বিক্রয় |
| ৩. জাহাজ তৈরি | ৭. বেকারি | ১১. মৌমাছি |
| ৪. পোশাক শিল্প | ৮. সিমেন্ট উৎপাদন | ১২. লবণ উৎপাদন |

ক. বাণিজ্য কাকে বলে? ১

খ. আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোনগুলো আত্মকর্মসংস্থানমূলক পেশা তার তালিকা করে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আত্মকর্মসংস্থানমূলক পেশাসমূহ কীভাবে শহরমুখী জনস্রোত নিয়ন্ত্রণে ভূমিকা রাখবে? মতামত দাও। ৪

৫ ▶ সুজন যোগ্য অনুযায়ী চাকরি লাভে ব্যর্থ হন। অবশেষে প্রশিক্ষণ নিয়ে ফুল চাষ করে তিনি আজ স্বাবলম্বী।

ক. উদ্যোগ কী? ১

খ. "আত্মকর্মসংস্থান হচ্ছে চাকরির বিকল্প সম্মানজনক পেশা।" উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. স্বনিয়োজিত পেশা গ্রহণের পূর্বে লক্ষ্য নির্ধারণ প্রক্রিয়ার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সুজনের মতো আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ ও সম্ভাবনা মূল্যায়ন কর। ৪

৬ ▶ সম্পা, টুম্পা, রুম্পা তিন বান্ধবী একত্রে মিলে একটি ব্যবসায় পরিচালনা করছেন। কিছুদিন পর রুম্পা ব্যক্তিগত কারণ দেখিয়ে ব্যবসায় ছাড়েন এবং চুক্তি অনুসারে বিলোপসাধন করেন। কিন্তু সম্পা ও টুম্পা ব্যবসায়টি চালিয়ে নিতে ইচ্ছুক এবং ব্যবসায়টিকে নিবন্ধন করার সিদ্ধান্ত নেন।

ক. আচরণে অনুমিত অংশীদারি কী? ১

খ. "চুক্তিই অংশীদারি ব্যবসায়ের ভিত্তি" ব্যাখ্যা কর। ২

গ. সম্পা ও টুম্পা কীভাবে ব্যবসায়টি চালিয়ে যেতে পারেন ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্পা ও টুম্পার ব্যবসায়টি নিবন্ধনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মি. বাবুল অস্ট্রেলিয়া থেকে পণ্য আনার জন্য ১০ লক্ষ টাকার বিমা করলেন। কোনো প্রকার ক্ষতি ছাড়াই নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্যগুলো বন্দরে পৌছাল। পণ্যের প্রচুর চাহিদা থাকা এ বৎসর মি. বাবুলের প্রচুর লাভ হলো।

ক. প্রিমিয়াম কী? ১

খ. "কোন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়" — ব্যাখ্যা কর। ২

গ. মি. বাবুল কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. বাবুলের কাছে বিমার ব্যবসায়িক গুরুত্ব কতটুকু? তোমার মতামত দাও। ৪

৮ ▶ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব 'X' একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও পরবর্তী পর্যায়ে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটি নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।

ক. পেটেন্ট কী? ১

খ. লাইসেন্সের ধারণা ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'X'-এর সৃষ্ট কাজটি কীসের অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩

ঘ. নকল প্রতিরোধে জনাব 'X' এর কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে মনে কর? ৪

৯ ▶ 'P' ও 'Q' দুই বন্ধু ২টি কারখানা স্থাপন করেন। 'P' কখন কোন কাজ কাকে দিয়ে করাবেন তা নির্ধারণ করে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করে দক্ষ কর্মী নিয়োগ দেন। তিনি মাঝে মাঝে সরজমিনে কারখানার কাজ দেখেন এবং মুনাফা বাড়ার সাথে সাথে কর্মচারীদেরও কিছু পুরস্কারের ব্যবস্থা করেন। অন্যদিকে 'Q' সব কাজ ঠিকমতো করলেও নারী শ্রমিকদের তুলনামূলক কম মজুরি দেন। এতে কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়ে উৎপাদন কমতে থাকে। পরবর্তীকালে 'Q' এর ব্যবসায় ব্যর্থতায় পর্যবেসিত হয়।

ক. ব্যবস্থাপনা কী? ১

খ. নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা কেন প্রয়োজন ব্যাখ্যা কর। ২

গ. 'Q' এর মধ্যে আদর্শ নেতার কোন গুণটির অভাব রয়েছে— তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব 'P' কে একজন সফল ব্যবস্থাপক বলা যায়— মতামত দাও। ৪

১০ ▶ জনাব 'খ' নতুন চা ব্যবসায়ী। তার একটি বাগান আছে। তিনি তার উৎপাদিত চা স্থানীয় বাজারের পাশাপাশি শহরের বিভিন্ন এলাকায় সরবরাহ করেন। তিনি তার বাগানের চা সমগ্র বাংলাদেশে বাজারজাত করতে চান।

ক. মোড়কিকরণ কী? ১

খ. বিপণন কীভাবে জীবনযাত্রার মানোন্নয়নে সহায়তা করে? ২

গ. জনাব 'খ' বাজারজাতকরণের কোন পদ্ধতি অনুসরণ করেছে? বর্ণনা কর। ৩

ঘ. জনাব 'খ'-এর চা বাজারজাতকরণে বিজ্ঞাপনের গুরুত্ব রয়েছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১১ ▶ জনাব 'X' অনেকদিন ধরে সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সবসময় ক্রেতাদের মানসম্মত পণ্য সরবরাহ করেন। তাতে তার ব্যবসা ভালোই চলে। পার্শ্ববর্তী ব্যবসায়ী জনাব 'Y' মুনাফাকে বড় করে দেখেন। পণ্যের গুণাগুণ অনুযায়ী মূল্য বিবেচনায় রাখেন না। অধিক মুনাফার আশায় তিনি নকল পণ্য সরবরাহ করেন। তাই ক্রেতারা তাকে এড়িয়ে চলেন। জনাব 'Y' এর ব্যবসায়ের অবস্থা বর্তমানে খুব একটা ভালো নয়।

ক. সামাজিক দায়বদ্ধতা কী? ১

খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. জনাব 'X' এর কাজের মাধ্যমে কোন দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'Y' এর ব্যবসায়ে সফলতার অন্তরায়টি বিশ্লেষণ কর। ৪

## ২ সরকারি করোনেশন বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা

বিষয় কোড : 143

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মহব্বত শেখ একজন কৃষক। তিনি জমি চাষ করার জন্য একজোড়া গরু কিনলেন। তার স্ত্রী বাজার থেকে কাপড় কিনে এনে নিজের সন্তানের জন্য জামা তৈরি করলেন এবং কিছু জামা বাজারেও বিক্রি করলেন।

ক. শিল্প কী? ১
খ. প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলতে কী বোঝায়? ২
গ. মহব্বত শেখের গরু ক্রয়ের কাজটি ব্যবসায় কিনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. মহব্বত শেখের স্ত্রীর কার্যক্রমটি ব্যবসায়িক দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

২ ▸ জনাব সুকুমার সাহা শপিং কমপ্লেক্সে একটি কম্পিউটার পার্টসের দোকান দেন। কিন্তু কম্পিউটার ব্যবসায়ে কোনো জ্ঞান না থাকায় এ ব্যবসায় তার জন্য ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়ায় এবং তিনি প্রচুর লোকসানের সম্মুখীন হন।

ক. ঝুঁকি কী? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি ও আর্থিক ঝুঁকির মধ্যে পার্থক্য লিখ। ২
গ. জনাব সুকুমার কম্পিউটার ব্যবসায়ে যে ঝুঁকির সম্মুখীন হন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর? ৪

৩ ▸ জনাব রহিমা খাতুন স্নাতক পাস করে যোগ্যতা অনুযায়ী চাকরি লাভে ব্যর্থ হয়ে যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে ও স্বল্প পুঁজি বিনিয়োগ করে গ্রামে একটি হাঁস-মুরগির খামার গড়ে তোলে। বাড়তি আয়ের জন্য খামারের পাশেই পতিত জমিতে একটি সবজি বাগানও করে এবং সফলতার মুখ দেখেন।

ক. BRDB-এর পূর্ণরূপ কী? ১
খ. আত্মকর্মসংস্থানকে একটি স্বাধীন পেশা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহিমার উদ্যোক্তা হিসাবে কী বিষয় বিবেচনা করে কাজ করতে হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. জনাব রহিমার কাছ থেকে সমাজ কীভাবে উপকৃত হবে বলে মনে কর? মতামত দাও। ৪

৪ ▸ A, B এবং C তিনজন ব্যবসায় করার জন্য পারস্পরিক চুক্তিবদ্ধ হন। সকলে সমানভাবে ব্যবসায়ে টাকা বিনিয়োগ করেন এবং মুনাফা সমানভাবে বণ্টন করে নেবেন। তিনজনই ব্যবসায় পরিচালনায় অংশ নেন। তারা প্রতিষ্ঠানটি নিবন্ধিত করেন।

ক. আপাতদৃষ্টিতে অংশীদার কাকে বলে? ১
খ. একমালিকানা ব্যবসায়ের জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তিনজন কী ধরনের অংশীদার—ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সংগঠনটি নিবন্ধিত করার কারণ যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

৫ ▸ মি. রাজন ঢাকায় নামকরা হোটেল ব্যবসায়ী। বর্তমানে তিনি আমেরিকার একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হয়েছেন। শর্ত অনুযায়ী তিনি ঐ প্রতিস্পানের পণ্য উৎপাদন ও বিক্রয় করবেন। সুনামের সাথে বিষয়টি চললেও হঠাৎ করে আগুন লেগে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়।

ক. পেটেন্ট কী? ১
খ. প্রিমিয়াম বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে চুক্তির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা চুক্তির মাধ্যমে মি. রাজনের ক্ষতি কিছুটা লাঘব করা যেত মতামত দাও। ৪

৬ ▸ জনাব জীবন একটি আইসক্রিম ফ্যাক্টরীর মালিক। তার পণ্যের মান ভালো হওয়ায় অধিক পরিমাণে বিক্রি হয়। তাই তিনি কর্মচারীদের সাথে আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ করে আরও ২টি শাখা খোলেন। অন্যদিকে তার বন্ধু জনাব জসীম তার প্রতিষ্ঠানে কর্মচারীদের সবসময় শৃঙ্খলার মধ্যে রেখে কাজ আদায় করে নেন।

ক. বিজ্ঞাপন কী? ১
খ. কর্মীদের প্রেষণা দেওয়া হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব জসীমের কর্মকাণ্ডে কোন ধরনের নেতৃত্ব প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানের জন্য জনাব জসীমের চেয়ে জনাব জীবনের নেতৃত্ব বেশি কার্যকরী—বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব কবির খুলনায় নিউমার্কেটে একটি কাপড়ের ব্যবসায় শুরু করেন। ব্যবসায়ে সফলতা অর্জনের জন্য তিনি ক্রেতাদের উদ্দেশ্যে পণ্যের বিবরণপত্র বিলি করেন। জনাব কবির তার ব্যবসায়ের সুন্দর, সুস্বাস্থ্যের অধিকারী একজন কর্মী নিয়োগ করেন। যার ফলে তার ব্যবসায়ে সফলতা দিন দিন বাড়ছে।

ক. বিপণন কাকে বলে? ১
খ. কোনটি সময়গত বাধা দূর করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব কবির ব্যবসায় প্রসারের জন্য বিজ্ঞাপনের কোন মাধ্যম ব্যবহার করেন? বর্ণনা কর। ৩
ঘ. জনাব কবির বিক্রয় কর্মীর কোন গুণাবলির জন্য ব্যবসায় সফলতা অর্জন করেন? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ মি. যদুনাথ তার এলাকাবাসীর চাহিদা অনুযায়ী একটি ফাস্টফুডের দোকান দিলেন। শুরুতেই তিনি বেশি দামে খাদ্য বিক্রির মাধ্যমে প্রচুর মুনাফা অর্জন করেন। কিন্তু বর্তমানে ভোক্তারা তার দোকান থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন।

ক. সুনাম ব্যবসায়ের কী? ১
খ. বিক্রয়িকতা বলতে কী বোঝায়? ২
গ. মি. যদুনাথ কোন ধরনের দায়বদ্ধতাকে মেনে চলেননি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. যদুনাথ কীভাবে একজন যথার্থ ব্যবসায়ী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারেন? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ জনাব আকাশ নট্রামস্ থেকে প্রশিক্ষণ নিয়েছেন। বর্তমান সময়ে অনলাইনের গুরুত্ব অনুধাবন করে একটি অনলাইন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করেছেন। একারণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তিনি সফলতা অর্জন করেন।

ক. পরিকল্পনা কী? ১
খ. সঠিক কর্মী নির্বাচন বলতে কী বোঝায়? ২
গ. মি. আকাশের কার্যক্রমটি কোন ধরনের? বর্ণনা দাও। ৩
ঘ. মি. আকাশের ব্যবসায়ের সাফল্য অর্জনে কী কী প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন বলে তুমি মনে কর? ৪

১০ ▸ জনাব দুলাল দীর্ঘদিন গবেষণা করে নতুন এক ধরনের ধানের বীজ উদ্ভাবন করেন। এই বীজ থেকে অনেক কম সময়ে ধান উৎপন্ন হয়। কিন্তু একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান জনাব দুলালের উদ্ভাবিত বীজের অনুরূপ ধানের বীজ নকল করে বাজারজাত করছে। যথাযথ প্রমাণের অভাবে জনাব দুলাল উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা নিতে পারেননি।

ক. BSTI কোন মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা? ১
খ. ট্রেডমার্ক বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব দুলালের নতুন ধানের বীজ আবিষ্কার কোন সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উদ্ভুত পরিস্থিতিতে জনাব দুলাল কর্তৃক আইনগত ব্যবস্থা নিতে ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ নারায়ণগঞ্জের ফুলতলায় অবস্থিত শিল্পকারখানার ধোঁয়া যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা না করায় সেখানকার প্রতিটি টিনের চালায় মরিচা পড়ছে। ঐ এলাকার শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাচ্ছে। এলাকার বাসিন্দারা বিভিন্ন রোগে ভুগছে। গণমাধ্যমে বারবার এর প্রতিকারে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বলা হচ্ছে।

ক. মূল্যবোধ কী? ১
খ. ব্যবসায়ের অনৈতিক কার্যকলাপ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের দূষণ ফুটে উঠছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমস্যা সমাধানে আইনগত ব্যবস্থা নেওয়া কি যথেষ্ট হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

## ৩ ✔ কুমিল্লা মডার্ন হাই স্কুল

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ আমিন সাহেব আধুনিক প্রযুক্তি ও উন্নত যন্ত্রপাতি ব্যবহার করে ফ্ল্যাট বিক্রয়ের উদ্দেশ্যে বিল্ডিং তৈরির সিদ্ধান্ত নেন। প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করতে না পারায় একটি বাণিজ্যিক ব্যাংকের সাথে চুক্তি করেন। কিছুদিন চলার পর শ্রমিক অসন্তোষ দেখা দিলে কাজ বাধাগ্রস্ত হয়।

ক. প্রত্যক্ষ সেবা কাকে বলে? ১
খ. বাণিজ্য বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. আমিন সাহেবের কাজটি কোন শিল্পের অন্তর্ভুক্ত বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে আমিন সাহেবের কার্যক্রম ব্যবসায়িক পরিবেশের উপর কি প্রভাব বিস্তার করে বিশ্লেষণ কর। ৪

২ ▶ জনাব শাওন কাঠ প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আসবাবপত্র তৈরি করেন। তার পণ্যের চাহিদার কারণে অধিক অর্থ ব্যয় করে দূরদূরান্তে পাঠান এবং ব্যবসায়ে তিনি সফলতা লাভ করেন।

ক. সময়গত বাধা দূর করে বাণিজ্যের কোন উপাদান? ১
খ. আইনগত পরিবেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শাওনের কাজটি কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত বর্ণনা কর। ৩
ঘ. জনাব শাওনের সফলতার পিছনে কীসের ভূমিকা রয়েছে- বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মাসুদ সাহেব পড়ালেখা শেষ করে একটি কম্পিউটারের দোকানে কাজ নেন। ৮ বছর কাজ করার তিনি একটি সার্ভিসিং-এর দোকান দেন। বর্তমানে তিনি দুটি দোকানের মালিক। এতে শুধু তিনি নিজেই উপকৃত হচ্ছে না; বরং দেশের অর্থনীতিতে অবদান রাখছেন।

ক. ম্যাটসুমিটা কোন দেশের কোম্পানি? ১
খ. ব্যবসায় কীসের জীবনযাত্রার মান উন্নয়ন করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাসুমের মাঝে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে। বর্ণনা কর। ৩
ঘ. জাতীয় অর্থনীতিতে জনাব মাসুমের অবদান মূল্যায়ন কর। ৪

৪ ▶ রহমত আলী কোরবানীর সময় স্বল্পমূল্য পশুর চামড়া ক্রয় করে নিজ বাড়িতেই প্রক্রিয়াজাতকরণ করে গুদামজাত করেন। কিন্তু চামড়া সংরক্ষণের সঠিক নিয়ম না জানার কারণে সব চামড়া নষ্ট হয়ে যায়। যার ফলে স্থানীয় পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ে এবং তিনি ক্ষতিগ্রস্ত হন।

ক. প্রশিক্ষণ কী? ১
খ. সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝায়? ২
গ. রহমত আলীর উদ্যোগটি ব্যর্থ হওয়ার প্রধান কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি পরিবেশের ওপর যে প্রভাব পড়বে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব তাবিব যুগ প্রশিক্ষণ কেন্দ্র হতে মাছ চাষ ও সবজি চাষের প্রশিক্ষণ নিয়ে একটি খামার প্রতিষ্ঠা করেন। বর্তমানে তার খামার পরিচালনায় সফলতা অর্জনের পাশাপাশি অনেক বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন।

ক. কর্মসংস্থানের উৎস কী? ১
খ. 'ব্যবসায় উদ্যোগের সাথে আত্মকর্মসংস্থানের সম্পর্ক খুবই নিবিড়' ব্যাখ্যা কর। ২
গ. জনাব তাবিবের খামার প্রতিষ্ঠা কোন কাজের অন্তর্ভুক্ত— ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের বেকারত্ব লাঘবে জনাব তাবিবের খামারের অবদান বিশ্লেষণ কর। ৪

৬ ▶

| প্রতিষ্ঠান | সদস্য সংখ্যা | মূলধনের উৎস |
|---|---|---|
| A | ২-২০ | অংশীদারগণ |
| B | ২-৫০ | মালিকগণ |
| C | ৭ সর্বোচ্চ | শেয়ার ও ঋণ |

ক. সমবায় সংগঠনের মূলমন্ত্র কী? ১
খ. কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বোঝায়? ২
গ. মালিকানা ভিত্তিতে A কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের B এবং C প্রতিষ্ঠানের মধ্য যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য রয়েছে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪


৭ ▶ হাসান একটি ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মচারী। প্রতিষ্ঠানটি স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে তৃতীয় পক্ষের সাথে নিজের নামেই চুক্তি করে। কিন্তু প্রতিষ্ঠানটির মুখ্য উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। তবে প্রতিষ্ঠানটি সংসদে আইনপাশের মাধ্যমে গঠিত হয়।

ক. ঘুমন্ত অংশীদার কে? ১
খ. স্মারকলিপি কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব হাসান কোন জাতীয় ব্যবসা প্রতিষ্ঠানের কর্মচারী? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির মুখ্য উদ্দেশ্য মুনাফা অর্জন নয়' উক্তিটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

৮ ▶ কে এফসি নামের বিদেশি কোম্পানিটির সাথে আমাদের দেশের একটি খাদ্যজাত উৎপাদন কোম্পানি চুক্তিবদ্ধ হয়ে কে এফ সি'র পণ্য এখানে বিক্রি করবে এবং তৈরি করবে। সফল বিষয়ে চুক্তিপাত্রে তারা চুক্তিবদ্ধ হলেন।

ক. পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান কোনটি? ১
খ. ট্রেডমার্ক কী? ব্যাখ্যা কর। ২
গ. কেএফসি ও বাংলাদেশি ঐ কোম্পানির মধ্যে সম্পর্ক চুক্তিটি কোন ধরনের— ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত চুক্তিটি সম্পাদিত হওয়ার ফলে উভয়পক্ষ কী কী সুবিধা ভোগ করবে আলোচনা কর। ৪

৯ ▶




ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. একজন নেতাকে মানবিক সম্পর্ক অনুধাবন করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত Y উল্লেখ স্থানে ব্যবস্থাপনার কোন কাজ রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত X চিহ্নিত ঘরে ব্যবস্থাপনার যে কাজটি রয়েছে তার সাথে নিয়ন্ত্রণের কোন সম্পর্ক আছে কি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▶ উৎপাদন (সিঙ্গার ফ্রিজ) → মিঃ আসাদ (সিঙ্গার ফ্রিজ) → ভোক্তা

ক. কোন কোম্পানির মূল দলিলের নাম কী? ১
খ. বিজ্ঞাপনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. সিঙ্গার ফ্রিজের বণ্টনপ্রণালিতে মিঃ আসাদ কী হিসেবে বিবেচিত হবেন? বর্ণনা কর। ৩
ঘ. সিঙ্গার গ্রুপ কোন চিত্রের বণ্টনপ্রণালিতে ফ্রিজ বিপণন করে থাকে? মতামত দাও। ৪

১১ ▶ জনাব কাদের একজন মাছ ব্যবসায়ী। তিনি মাছে কোন ফরমালিন ও রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। তিনি সততার সাথে ব্যবসা করেন। তাছাড়া তিনি কারো কাছ থেকে ধার নিলে সময়মতো ফেরত দেন।

ক. ইথস শব্দের অর্থ কী? ১
খ. পরিবেশ দূষণ বলতে কী বোঝায়? ২
গ. জনাব কাদেরের ব্যবসা পরিচালনার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব কাদেরের ব্যবসায়ে বিভিন্ন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৪

## ৪ ✓ ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 1 4 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট ব্যবসায় উদ্যোগ সৃজনশীল প্রশ্ন পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ জাফর সাহেব বাজারে ফল কিনতে গিয়ে লক্ষ করলেন ফলের গায়ে একটি মৌমাছিও নেই। তিনি ভাবলেন এতদিন ধরে দেখেছি ফলের উপর মৌমাছি উড়ছে, এখন নেই কেন? বাজার থেকে তিনি ফল না কিনে বাড়ি চলে এলেন এবং স্ত্রীকে বিষয়টি অবহিত করেন। জাফর সাহেব বিষয়টি নিয়ে বেশ আতঙ্কিত।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. পরিবেশ সংরক্ষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ফলের ওপর মৌমাছি না বসায় ব্যবসায়ীদের কোন বিষয়টি প্রশ্নবিদ্ধ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জাফর সাহেবের ধারণা মতে সমাজের প্রতি ব্যবসায়ীদের দায়বদ্ধতা কতটুকু? মূল্যায়ন কর। ৪

২ ▶ জনাব আশিক ও জনাব আসিফ দুজনই সবজি ব্যবসায়ী। জনাব আশিক নরসিংদীর সবজি চাষির কাছ থেকে সবজি সংগ্রহ করেন। আর জনাব আসিফ পাইকারদের কাছ থেকে সবজি সংগ্রহ করে ভোক্তার কাছে বিক্রি করেন। একই পরিমাণ সবজি একই দামে বিক্রি করলেও আশিফের মুনাফা কম হয়।

ক. কীভাবে পণ্যের মালিকানা হস্তান্তর হয়? ১
খ. ব্যবসায়ের ক্ষেত্রে বিজ্ঞাপনের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বণ্টনপ্রণালি ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব আসিফের মুনাফা কম হওয়ার জন্য বণ্টনপ্রণালিই দায়ী"– উক্তির সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▶ জনাব আলী কুষ্টিয়ার বিভিন্ন শপিং কমপ্লেক্সে হাতের তৈরি পোশাক বিক্রি করেন। তিনি বছরের শুরুতেই বিক্রয়ের লক্ষ্যমাত্রা ঠিক করে কাজ শুরু করেন। কোন দোকানে কী পরিমাণ, কীভাবে, কখন পোশাক দিবে তা আগে থেকে ঠিক করে নেয়। তার ব্যবসায়ের অগ্রগতির জন্য বিভিন্ন সময়ে দক্ষতাসম্পন্ন ব্যক্তির প্রয়োজন হয়।

ক. ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস কী? ১
খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আলী শুরুতেই ব্যবস্থাপনার কোন কাজটি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আলীর ব্যবসায়ের অগ্রগতি ব্যবস্থাপনার কোন কাজ দ্বারা সম্ভব হবে বলে তুমি মনে কর? ৪

৪ ▶ পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিরাজুল ইসলাম সমাজকর্মের ওপর একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও পরবর্তী পর্যায়ে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন, বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।

ক. কোনো পণ্যকে অন্য পণ্য থেকে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে কী বলে? ১
খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যাখ্যা কর। ২
গ. অধ্যাপক সিরাজুল ইসলামের সৃষ্ট কাজটি কীসের অন্তর্গত? বর্ণনা কর। ৩
ঘ. নকল প্রতিরোধে অধ্যাপক সিরাজুল ইসলামের কোন পদক্ষেপ নেওয়া উচিত ছিল বলে মনে কর? ৪

৫ ▶ সান, মুন ও স্টার তিন বন্ধু পারস্পরিক সমঝোতার মাধ্যমে একটি ব্যবসায় পরিচালনা করছে। তাদের ব্যবসায়টিতে মুনাফাও হচ্ছিল বেশ। কিন্তু সান সড়ক দুর্ঘটনায় মারা যাওয়ায় তাদের ব্যবসায়টির বিলোপ ঘটে। কিন্তু মুন ও স্টার পরবর্তীতে ভাবলো তারা এমন কিছু করবে যাতে প্রতিষ্ঠানের পৃথক আইনগত সত্তা থাকে। যাতে করে কারো মৃত্যুতে ব্যবসায়ের বিলোপ না ঘটে।

ক. সমবায়ের শাব্দিক অর্থ কী? ১
খ. সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়টি কী? ব্যাখ্যা কর। ২
গ. সান, মুন ও স্টার কর্তৃক পরিচালিত ব্যবসায় সংগঠনটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. মুন ও স্টারের পরবর্তী সিদ্ধান্তের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬ ▶ সাজেদুল ইসলাম কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করে সরকারি চাকরির আশা না করে নিজ গ্রামে কয়েকটি পুকুর নিয়ে মাছ চাষ করে। সে গ্রামের আরও কয়েকজনকে প্রশিক্ষণ দিয়ে তার মাছের খামারে কাজের ব্যবস্থা করে। সে তার মাছের খামারে অনেক মুনাফা করে এবং তার গ্রামকে আদর্শ গ্রামে রূপান্তরিত করার পরিকল্পনা করে।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কোনটি? ১
খ. নট্রামস কী? ব্যাখ্যা কর। ২
গ. সাজেদুল ইসলামের মৎস্য খামারের সফলতা অর্জনের পেছনে কী কী বিষয় কাজ করেছে তা বর্ণনা কর। ৩
ঘ. সাজেদুলের সিদ্ধান্তটি গ্রাম উন্নয়নে কতটুকু সহায়ক যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

৭ ▶ বিদেশফেরত শামীম নিজের কাজের কোনো ব্যবস্থা করতে না পেরে ঢাকা শহরে নিজ এলাকায় একটি বইয়ের লাইব্রেরি দেন। আশপাশের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা বইপত্র কিনে। অল্প দিনের মধ্যেই তার ব্যবসায়টি জমজমাট হয়ে ওঠে। ব্যবসায়ী হিসেবে শামীম এখন বেশ সফল।

ক. যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে? ১
খ. ব্যবসায় উদ্যোগ কীভাবে পরনির্ভরশীলতা দূর করে? ব্যাখ্যা কর। ২
গ. শামীমের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, শামীম একজন সফল উদ্যোক্তা? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶ মি. আহসান নিজস্ব দক্ষতায় বিভিন্ন ফাস্টফুড আইটেম তৈরি করে অনলাইনের মাধ্যমে বিক্রি করেন। তার বিক্রির পরিমাণ বেড়ে যাওয়ায় ব্যবসায় সম্প্রসারণের জন্য বেশি পুঁজির প্রয়োজন হয়। স্থানীয় ব্যাংকের শরণাপন্ন হলে তার আর্থিক সমস্যার সমাধান হয়।

ক. ব্যবসায় কাকে বলে? ১
খ. ব্যবসায়িক পরিবেশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ব্যবসায়ের কোন পরিবেশের সহায়তায় মি. আহসান পণ্য বিক্রি করতে সক্ষম হয়েছেন? বর্ণনা কর। ৩
ঘ. বর্ণিত প্রতিষ্ঠানটির সম্প্রসারণে স্থানীয় ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৯ ▶ জনাব কিবরিয়া একজন ফল ব্যবসায়ী। তিনি ক্রেতাদের আড়ালে আঙুর পরিমাপ করে ছোট ছোট প্যাকেট করে রেখে দেন। যখন ক্রেতা এসে আঙুর পরিমাপ করতে বলেন তখন তিনি ক্রেতার চোখ ফাঁকি দিয়ে পরিমাণে কম যেই প্যাকেট সেগুলো বিক্রি করেন। এভাবে তিনি কম আঙুর বিক্রি করে বেশি অর্থ আয়ের পথ বেছে নিয়েছেন।

ক. CIP কী? ১
খ. উদ্যোক্তাকে ব্যবসায়ের নেতা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব কিবরিয়া ব্যবসায়ের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেননি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বেশি আয়ের যে পথ জনাব কিবরিয়া বেছে নিয়েছেন তা কি সঠিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▶ শাহীন কলেজের ক্যান্টিনে প্রায় ১০০ জন শ্রমিক কাজ করে। তাদের সবসময় চাপের মুখে রাখেন ব্যবস্থাপক জনাব নাইম। এতে ক্যান্টিনে বিক্রির মাত্রা ব্যাপকভাবে কমে যাওয়ায় লোকসান হচ্ছে। তাই ক্যান্টিনের নেতৃত্বের ধরন পরিবর্তন প্রয়োজন দেখা দিয়েছে।

ক. ব্যবস্থাপনা কাকে বলে? ১
খ. সংগঠিতকরণ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. শাহীন কলেজের ক্যান্টিনে কী ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবর্তিত নেতৃত্বের ধরন কী হওয়া উচিত বলে তুমি মনে কর? ৪

১১ ▶ জনাব কাদের যুব উন্নয়ন থেকে প্রশিক্ষণ নিয়ে মৎস্য চাষ ও হাঁস-মুরগি পালন শুরু করেন। তারপর নিজের সঞ্চিত অর্থ ও যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ঋণ নিয়ে বড় আকারের মৎস্য ও হাঁস-মুরগির খামার গড়ে তুললেন।

ক. বেকারত্ব কী? ১
খ. আত্মকর্মসংস্থানের সহায়ক প্রশিক্ষণ দানকারী প্রতিষ্ঠানের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. জনাব কাদের আত্মকর্মসংস্থান হিসেবে মৎস্য ও হাঁস-মুরগির খামারকে কোন কারণে পছন্দ করেছেন তা বর্ণনা কর। ৩
ঘ. জনাব কাদেরের মতো আমাদের দেশের যুবসমাজের কাছে আত্মকর্মসংস্থানের গুরুত্ব কতটুকু তা মূল্যায়ন কর। ৪

## ৫ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ জনাব 'ক' বিদেশ থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে এসে বাবার প্রতিষ্ঠিত কোম্পানির হাল ধরলেন। কারো সাথে আলোচনা না করে ইচ্ছেমতো এক বিভাগের কর্মীদের আরেক বিভাগে স্থানান্তর করলেন। প্রথমদিকে সমস্যা হলেও পরে দেখা গেল কর্মীরা আগের চেয়ে অনেক ভালোভাবে কাজ করতে পারছে। কর্মীদের উপর নির্ভর না করে তিনি নিজেই নিরলসভাবে কাজ করে যান। কাজের প্রতি তার আগ্রহ দেখে কর্মীরাও তাদের কাজ সঠিকভাবে সম্পাদনে সচেষ্ট থাকে।

ক. অর্থায়ন কী? ১
খ. পণ্যের গুণাগুণ অক্ষুণ্ণ রাখার ক্ষেত্রে বিপণনের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. ব্যবস্থাপনার কোন কাজটি সঠিকভাবে সম্পাদন করায় প্রতিষ্ঠানটির কাজে গতিশীলতা এসেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদর্শ নেতার গুণাবলির আলোকে জনাব 'ক' এর নেতৃত্বের ধরন মূল্যায়ণ কর। ৪

২ ▶ জনাব পারভেজ খাতুনগঞ্জের একজন ব্যবসায়ী। তিনি মায়ানমার ও ভারত থেকে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য আমদানি করেন। দেশের বিভিন্ন স্থান থেকে ব্যবসায়ীরা এসে তাঁর কাছ থেকে পণ্য কিনে ক্রেতাদের নিকট বিক্রি করেন। Power Generating Company তাদের উৎপাদিত জেনারেটর বিক্রয়ের জনাব আশরাফকে ডিলার হিসেবে নিয়োগ দেয়।

ক. ব্যবসায় মূল্যবোধ কী? ১
খ. সবচেয়ে জনপ্রিয় বিমা কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. কাজের প্রকৃতি বিবেচনায় কোন ধরনের ব্যবসায় কার্যক্রম পরিচালিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব পারভেজ ও আশরাফের ক্ষেত্রে বণ্টনপ্রণালি ভিন্ন হলেও উভয়ের ভূমিকা একই প্রকৃতির মূল্যায়ন কর। ৪


৩ ▶ মল্লিকা, মালতি ও মাধবী তিন বন্ধু পারস্পরিক সমঝোতার মাধ্যমে একটি ব্যবসায় পরিচালনা করছে। তাদের ব্যবসায়টিতে মুনাফাও হচ্ছিল বেশ। কিন্তু মল্লিকা সড়ক দুর্ঘটনায় মারা যাওয়ায় তাদের ব্যবসায়টির বিলোপ ঘটে। কিন্তু মালতি ও মাধবী পরবর্তীতে ভাবলো তারা এমন কিছু করবে যাতে প্রতিষ্ঠানের পৃথক আইনগত সত্তা থাকে। যাতে করে কারো মৃত্যুতে ব্যবসায়ের বিলোপ না ঘটে।

ক. অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্র কী? ১
খ. পর্যায়িতকরণ বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মল্লিকা, মালতী ও মাধবী কর্তৃক পরিচালিত ব্যবসায় সংগঠনটি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. মালতী ও মাধবীর পরবর্তী সিদ্ধান্তের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪ ▶ চট্টগ্রামে রাউজানের হালদা নদীতে চৈত্র-বৈশাখ মাসে মা মাছ রেণু ছাড়ে যা নদী তীরবর্তী জেলেরা সংগ্রহ করে। মাছের বংশ বিস্তার ও সরবরাহ স্বাভাবিক রাখার জন্য বাংলাদেশ সরকার ঐ সময়ে মা মাছ ধরা নিষিদ্ধ করে জেলেদের জীবিকা নির্বাহের জন্য সহজশর্তে ঋণ প্রদান করে। তারপরেও কেউ নিষেধাজ্ঞা অমান্য করলে শাস্তির বিধান রাখা হয়েছে।

ক. নামমাত্র অংশীদার কে? ১
খ. ভোক্তা বিশ্লেষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. রেণু সংগ্রহ কোন ধরনের শিল্প? বর্ণনা কর। ৩
ঘ. ব্যবসায় পরিবেশের উপাদানসমূহের আলোকে বাংলাদেশ সরকারের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৫ ▶ নিচের ছকটি লক্ষ কর :




ক. উপমহাদেশে কত সালে ট্রেডমার্ক আইন প্রণয়ন করা হয়? ১
খ. নিবন্ধন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ক' ছকটি কোন ধরনের ব্যবসায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসার ক্ষেত্রে ছক 'খ' এর গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব রাশেদুল ইসলাম পড়ালেখা শেষ করার পর একটি কম্পিউটার দোকানে কাজ নেন। ৮ বছর কাজ করার পর তিনি একটি সার্ভিস দোকান দেন। বর্তমানে তিনি ঢাকায় দুইটি কম্পিউটারের দোকানের মালিক। এতে শুধু নিজেই উপকৃত হচ্ছেন না; বরং দেশের অর্থনীতিতে অবদান রাখছেন।

ক. ব্যবস্থাপনার জনক কে? ১
খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাশেদুলের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
ঘ. জাতীয় অর্থনীতিতে জনাব রাশেদুল কীভাবে অবদান রাখছেন? মূল্যায়ন কর। ৪

৭ ▶ রাবেয়া বেগম স্বামী মারা যাওয়ার পর চার সন্তানসহ দুর্বিষহ দারিদ্র্যের কবলে পড়েন। তখন তিনি স্থানীয় জনপ্রতিনিধির পরামর্শে একটি প্রকল্প থেকে সেলাই বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে তাদের নিকট থেকে ঋণ নিয়ে দর্জির কাজ শুরু করেন। বর্তমানে তিনি চারটি সেলাই মেশিনের মালিক। তার দোকানে আরও দুইজন কর্মচারীও রয়েছে।

ক. ফ্রানসাইজিং কী? ১
খ. মেলামেশার ক্ষমতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. রাবেয়া বেগম কোন প্রকল্প থেকে প্রশিক্ষণ নিয়েছেন? বর্ণনা কর। ৩
ঘ. দেশের দারিদ্র্য দূরীকরণে রাবেয়া বেগমের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮ ▶ ময়মনসিংহে আফরোজ খান মডেল স্কুলের পাশে জনাব কবির একটি স্টেশনারী দোকান দেন। সততা ও দক্ষ পরিচালনার কারণে তার ব্যবসায়টি অল্প কিছুদিনের মধ্যেই লাভজনক হয়ে উঠে। তাই তিনি দোকানের পাশাপাশি একটি কম্পিউটার ও ফটোকপির দোকান স্থাপনে চিন্তা করেন। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে তা সম্ভব হচ্ছে না। এ কারণে সে তার দুই বন্ধুকে সমঝোতার ভিত্তিতে ব্যবসায়ে অন্তর্ভুক্ত করে। অল্প কিছু দিনের মধ্যে তাদের ব্যবসায়টি সফলতা অর্জন করে।

ক. নিষ্কাশন শিল্প কী? ১
খ. উদ্যোক্তাকে কর্ম সৃষ্টিকারী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব কবিরের প্রথম পর্যায়ের ব্যবসায়টি মালিকানা ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ২য় পর্যায়ে ব্যবসায়টির বৈশিষ্ট্য মূল্যায়ন কর। ৪

৯ ▶ 'প্রিয়ন্তি গ্রুপ' একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠান। পণ্য উৎপাদন করে বাজারজাত করার পূর্বে পণ্যের মান নির্ধারণ করে সনদপত্র গ্রহণ করেন। তবে উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় তিনি বেশি মুনাফার আশা করছেন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১
খ. একমালিকানা ব্যবসায়ের দায় অসীম– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. 'প্রিয়ন্তি গ্রুপ' কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করেন। ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রিয়ন্তি গ্রুপ' কীভাবে তার পণ্যের মান সম্পর্কে নিশ্চিত হয়েছেন বলে তুমি মনে কর। ৪

১০ ▶ মি. রফিক আহমেদ 'আনন্দ ফ্যাশন লি.' এর ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এতে তার প্রতিষ্ঠান শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করে থাকে। অপরদিকে মি. শফিক তার টেক্সটাইল কারখানায় সবসময় কর্মকর্তা ও কর্মচারীর যা বা যেভাবে পরামর্শ দেন ও কাজ করতে চায় সেভাবেই তাদের কাজ করতে দেন। সিদ্ধান্তের ব্যাপারে তিনি নিষ্ক্রিয় থাকেন। এতে লক্ষ্যমাত্রা অর্জনে তার প্রতিষ্ঠান সবসময় পিছিয়ে থাকে।

ক. BIM কী? ১
খ. বিজ্ঞাপন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. শফিক তার প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব প্রদান করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রফিকের নেতৃত্ব ও মি. শফিকের নেতৃত্বের মধ্যে কোনটি তোমার কাছে গ্রহণযোগ্য মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ মি. আজাদ তার এলাকায় একটি কসমেটিকস্ সামগ্রীর দোকান দিলেন। শুরুতেই নিম্নমানের পণ্য অধিক মূল্যে বিক্রির মাধ্যমে তিনি প্রচুর মুনাফা অর্জন করেছিলেন। কিন্তু বর্তমানে ভোক্তাগণ তার দোকান হতে মুখ ফিরিয়ে নিচ্ছে। ভোক্তাদের আস্থা অর্জনের জন্য বর্তমানে তাকে অধিক পরিশ্রম করতে হচ্ছে।

ক. বিক্রয়িকতা কী? ১
খ. দ্রুত সিদ্ধান্ত গ্রহণের জন্য কোন ধরনের নেতৃত্ব উত্তম– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. আজাদ কোন ধরনের দায়বদ্ধতাকে মেনে চলেননি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আজাদ কীভাবে একজন যথার্থ ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে? যুক্তি দাও। ৪

# মূল বইয়ের বাইরে আরও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৬ মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

**ব্যবসায় উদ্যোগ — বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. দ্রব্য বিনিময় কোন যুগের নিদর্শন?**
K প্রাচীন  L মধ্য
M আধুনিক  N প্রাগৈতিহাসিক

**২. ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার অবশ্যই কী থাকতে হবে?**
K বিমা  L আর্থিক মূল্য
M মান  N মোড়ক

**৩. অডিট ফার্ম কোন ব্যবসায়ের উদাহরণ?**
K শিল্প  L ব্যবসা
M প্রত্যক্ষ সেবা  N শিক্ষামূলক

**৪. অতীতকালে এদেশের মানুষ তাদের প্রতিভা ও পরিশ্রমের স্বাক্ষর রেখেছে কোনটির মাধ্যমে?**
i. জাহাজ নির্মাণ করে
ii. মসলিন কাপড় তৈরি করে
iii. নকশিকাঁথা তৈরি করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**৫. অভীষ্ট লক্ষ্যে পৌছানোর জন্য উদ্যোক্তা কী করেন?**
K পরিকল্পনা  L সুযোগের সদ্ব্যবহার
M প্রশিক্ষণ গ্রহণ  N শিক্ষা গ্রহণ

**৬. সফল উদ্যোক্তা কোন গুণের অধিকারী হয়ে থাকেন?**
K গতিশীল নেতৃত্বের  L সাহসী
M উদ্ভাবনী শক্তির  N আত্মবিশ্বাসী

**৭. যেকোনো সময় সরবরাহকৃত সেবার কী হতে পারে?**
K চাহিদা হ্রাস  L মুনাফা বৃদ্ধি
M বাজারজাতকরণ বৃদ্ধি  N নষ্ট হয়ে যেতে পারে

**৮. অর্থসংস্থানের অপর্যাপ্ততা দেখা দেয় কেন?**
K প্রয়োজনীয় মূলধনের অভাবে
L বাস্তবভিত্তিক পরিকল্পনার অভাবে
M বিনিয়োগ পরামর্শের অভাবে
N প্রশিক্ষণ কর্মসূচির অভাবে

**৯. বেকারত্বের চাহিদার হার যেভাবে বৃদ্ধি পায় সে হারে বৃদ্ধি পায় না—**
K অর্থ  L শ্রম
M কর্মসংস্থানে  N জনসংখ্যা

**১০. প্রশিক্ষণ কর্মীদের কী বৃদ্ধি করে?**
K মনোবল  L শক্তি
M শিক্ষা  N অভিজ্ঞতা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব X একটি প্রতিষ্ঠানের সহযোগিতায় একটি অটোমোবাইল স্থাপন করেন। পরবর্তীতে দুইজন কর্মীও নিয়োগ করেন। যারা মূলত তার মতো দক্ষ নয়।

**১১. প্রতিষ্ঠানটি 'X' কে কীভাবে সহযোগিতা করে?**
i. প্রশিক্ষণ প্রদান করে
ii. ঋণ সহায়তা প্রদান করে
iii. আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১২. কর্মীদের দক্ষ করার জন্য জনাব 'X' কে যা করতে হবে—**
K উৎসাহ  L প্রশিক্ষণ
M শাস্তি  N বেশি বেতন প্রদান

**১৩. অংশীদারি চুক্তি সম্পাদনে কমপক্ষে কতজন যোগ্য ব্যক্তি প্রয়োজন?**
K একজন  L দুই জন
M তিন জন  N চারজন

**১৪. চুক্তিপত্র সকল অংশীদার কর্তৃক — হতে হয়।**
K গৃহীত  L অনুমোদিত
M গ্রহণযোগ্য  N স্বাক্ষরিত

**১৫. জনাব শাপলা কারবারে পুঁজি বিনিয়োগ করেন অথচ কারবার পরিচালনায় অংশগ্রহণ করেন না। এক্ষেত্রে তিনি—**
K নামমাত্র অংশীদার
L আপাতদৃষ্টিতে অংশীদার
M আচরণে অনুমিত অংশীদার
N ঘুমন্ত অংশীদার

**১৬. কোন ধরনের অংশীদার সুনাম ব্যবহারের সুযোগ দেয়?**
K নামমাত্র অংশীদার
L সীমিত অংশীদার
M আপাতদৃষ্টিতে অংশীদার
N সাধারণ অংশীদার

**১৭. সংগঠিতকরণের ফলাফল হলো—**
K লক্ষ্য অর্জন  L ব্যয় বৃদ্ধি
M অপচয় বৃদ্ধি  N সুনাম বৃদ্ধি

**১৮. কর্মীদের জানার সুযোগদান কোন ধরনের নেতৃত্বের বৈশিষ্ট্য?**
K আমলাতান্ত্রিক  L মুক্ত নেতৃত্ব
M স্বৈরতান্ত্রিক  N গণতান্ত্রিক

■ **উদ্দীপকটি পড়ে ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
প্রকল্প কর্মকর্তা মি. জব্বার তাঁর প্রকল্পে নির্মাণাধীন ভবন পরিদর্শনে গিয়ে সাব-ইঞ্জিনিয়ারের কাজ পর্যবেক্ষণ করলেন এবং পূর্বনির্ধারিত নকশার সঙ্গে তাদের কাজের তুলনা করলেন।

**১৯. উদ্দীপকে বর্ণিত মি. জব্বারের কাজটি ব্যবস্থাপনার কোন কাজের অংশ?**
K পরিকল্পনা  L সমন্বয়সাধন
M নিয়ন্ত্রণ  N নির্দেশনা দান

**২০. অনুসারীদের জন্য অনুপ্রেরণা হলো —**
K নেতার ধৈর্য  L নেতার একাগ্রতা
M নেতার চেহারা  N নেতার কথা

**২১. ক্রেতা অনুসন্ধান বিপণনের কোন কাজের অন্তর্ভুক্ত?**
K ভোক্তা বিশ্লেষণ  L তথ্য সংগ্রহ
M বিক্রয়  N পরিবহন

**২২. পণ্যের গুণাগুণ, রং ও স্বাদের ওপর ভিত্তি করে শ্রেণিবিন্যাস করাকে কী বলে?**
K পর্যায়িতকরণ  L প্রমিতকরণ
M গুদামজাতকরণ  N বিজ্ঞাপন

**২৩. ভোক্তার চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করেন কে?**
K পাইকার  L উৎপাদক
M প্রতিনিধি  N খুচরা ব্যবসায়ী

**২৪. বিজ্ঞাপনের উদ্দেশ্য হলো—**
i. পণ্যের প্রচার বাড়ানো
ii. উৎপাদনের আচরণ-পরিবর্তন করা
iii. পণ্য সম্পর্কে অবহিত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৫. দেশীয় পণ্য সম্পর্কিত বিজ্ঞাপন জাগ্রত করে—**
i. দেশপ্রেম
ii. জাতীয়তাবোধ
iii. পুঁজিবাদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৬. যে জ্ঞান বোধ এবং আচরণ সমাজে মূল্যবোধ ও অনুকরণীয় বলে মনে করে, তাকে কী বলে?**
K মূল্যবোধ  L নৈতিকতা
M সততা  N দায়বদ্ধতা

**২৭. পণ্যের মজুদদারি না করা কোন ধরনের দায়বদ্ধতা—**
K সমাজের প্রতি  L রাষ্ট্রের প্রতি
M ক্রেতার প্রতি  N শ্রমিকের প্রতি

**২৮. মাছ না পচার জন্য মাছে ফরমালিন মিশানোর ফলে —**
i. ভোক্তার আস্থা নষ্ট হবে
ii. পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর হবে
iii. মানসম্মত পণ্য সরবরাহ ব্যর্থ হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৯. ফ্রানসাইজিং ব্যবসায় কয়টি পক্ষ থাকে?**
K ২  L ৩
M ৪  N ৬

**৩০. বুদ্ধিবৃত্তিক সম্পদ সংরক্ষণের জন্য কোনটি প্রয়োজন?**
K সুষ্ঠু শিল্পনীতি  L ফ্রানসাইজ চুক্তি
M আইনগত বিধিবিধান  N বিমা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | M | ৪ | K | ৫ | K | ৬ | K | ৭ | K | ৮ | K | ৯ | M | ১০ | K | ১১ | N | ১২ | L | ১৩ | L | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | M | ২২ | L | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | K | ২৭ | K | ২৮ | L | ২৯ | K | ৩০ | M |

## ৭ ✓ বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

**ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**
চাকরি না পেয়ে শিক্ষিত যুবক জনাব আশরাফুল নিজেদের পুকুরে মৎস্য চাষ করেছেন। প্রচুর অর্থের মালিকও হয়েছেন।

**১. জনাব আশরাফুলের কর্মসংস্থানকে কী বলা হয়?**
K আত্মকর্মসংস্থান L চাকরি
M সেবা N ব্যবসায়

**২. জনাব আশরাফুল তার কাজের মাধ্যমে সমাজের কী অবদান রেখেছেন?**
K বেকার সমস্যা দূরীকরণ
L নিরক্ষরতা দূরীকরণ
M পুষ্টি জোগান
N রাস্তা উন্নয়ন

**৩. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কয় প্রকার?**
K ২ প্রকার L ৩ প্রকার
M ৪ প্রকার N ৫ প্রকার

**৪. আধুনিক ব্যবসায়কে প্রধানত কয়ভাগে ভাগ করা যায়?**
K দুই L তিন
M চার N পাঁচ

**৫. ইউরোপে শতকরা কতভাগ ব্যবসায় একক মালিকানাভিত্তিক?**
K ৮০ L ৮২
M ৮৫ N ৯০

**৬. অংশীদারি ব্যবসায়ের বিলোপসাধন প্রক্রিয়া কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৭. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কী?**
K উৎপাদন L বাজারজাতকরণ
M মুনাফা অর্জন N চুক্তি

**৮. কোন শিক্ষাবর্ষ থেকে ব্যবসায় উদ্যোগ কোর্সটি মাধ্যমিক পর্যায়ে ঐচ্ছিক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়?**
K ১৯৯৬ L ১৯৯৮
M ২০০০ N ২০০২

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
চিত্রশিল্পী স্বাতী রহমান তার আঁকা ছবিগুলোর জন্য সরকার থেকে একটি আইনের মাধ্যমে স্বত্ব নিজের করে নেন। ফলে ছবির অনুলিপি অন্য কেউ করতে পারবে না।

**৯. চিত্রশিল্পী স্বাতী রহমান কোন ধরনের চুক্তি করলেন?**
K পেটেন্ট L ট্রেডমার্ক
M কপিরাইট N অংশীদারি

**১০. স্বাতী রহমানের চুক্তি—**
i. তার সাফল্য আনয়নে সহায়তা করবে
ii. জনপ্রিয়তা অর্জনে সহায়তা করবে
iii. অন্য কারো দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পেতে সহায়তা করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. নেতৃত্বের প্রকারভেদ কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**১২. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
K স্যামুয়েল মোর্স L রবার্ট জনসন
M হেনরি ফেওয়েল N আই এম পান্ডে

**১৩. স্বৈরতান্ত্রিক নেতৃত্বে—**
i. নেতা শুধু আদেশ করেন
ii. নিয়মমাফিক দায়িত্ব পালন করেন
iii. নেতা কোনো জবাবদিহি করেন না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. বিপণনের অন্যতম কাজ কী?**
K ক্রয় L বিক্রয়
M পরিবহন N গুদামজাতকরণ

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রুবেল একজন তরমুজ উৎপাদনকারী। উৎপাদিত তরমুজ তিনি নিজেই বহন করে স্থানীয় বাজারে বিক্রি করেন। উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় তিনি পণ্য বিক্রির জন্য অন্য কৌশল অবলম্বন করার চিন্তা করছেন।

**১৫. রুবেলের ক্ষেত্রে পণ্য বণ্টনপ্রণালিটি হলো—**
K উৎপাদনকারী-ভোক্তা
L উৎপাদনকারী-খুচরা কারবারি
M উৎপাদনকারী-খুচরা ব্যবসায়ী-ভোক্তা
N পাইকার-খুচরা ব্যবসায়ী

**১৬. রুবেলের সঠিক বণ্টনপ্রণালি ব্যবহারের ফলে—**
i. ক্রেতা ও বিক্রেতার মধ্যে দূরত্ব হ্রাস পায়
ii. ক্রেতা কমমূল্যে পণ্য পেয়ে থাকে
iii. বিপণন কার্য সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. মূল্যবোধ কী?**
K জ্ঞানবোধ ও আচরণ L নৈতিকতা
M সামাজিক দায়বদ্ধতা N শুধু মূল্যবোধ

**১৮. ইথস (Ethos) শব্দটি উদ্ভব হয়েছে—**
K ইংরেজি L গ্রিক
M বাংলা N হিন্দি

**১৯. শাহানা অতিরিক্ত লাভের আশায় পণ্যের কৃত্রিম অভাব সৃষ্টি করে। এটি যেটির পরিপন্থি—**
K মূল্যবোধ L নৈতিকতা
M সততা N আইন

**২০. রাষ্ট্রের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব হলো—**
i. নিয়মিত কর প্রদান
ii. আইন মেনে চলা
iii. অর্থনৈতিক উন্নয়ন সাধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. আধুনিক যুগে ব্যবসায়কে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?**
K দুই L তিন
M চার N পাঁচ

**২২. চট্টগ্রাম ব্যবসায়ের প্রাণকেন্দ্র হিসেবে পরিচিত। চট্টগ্রামের সুনাম ছড়িয়ে পড়ার কারণ হলো—**
i. মসলিন কাপড়ের জন্য
ii. সমুদ্রবন্দরের জন্য
iii. জাহাজ নির্মাণ শিল্পের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. কোন শতাব্দীতে পর্তুগিজরা বাণিজ্যের জন্য এদেশে আসতে শুরু করে?**
K পঞ্চদশ L ষোড়শ
M সপ্তদশ N অষ্টাদশ

**২৪. পণ্য বিনিময় কী ধরনের উপযোগ সৃষ্টি করে?**
K স্বত্বগত L স্থানগত
M সময়গত N অর্থগত

**২৫. আমিনুল কী পাস করেন?**
K এস.এস.সি L এইচ.এস.সি
M ডিগ্রি N অনার্স

**২৬. Entrepreneur-এর অর্থ কী?**
K ব্যবসায় উদ্যোগ L শিল্প উদ্যোগ
M উদ্যোগ N উদ্যোক্তা

**২৭. জাতীয় উৎপাদনের কত ভাগ আসে কৃষিখাত থেকে?**
K ২০ ভাগ L ৩০ ভাগ
M ৪০ ভাগ N ৫০ ভাগ

**২৮. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ২০১০-এর মতে মোট কর্মহীন লোকের সংখ্যা কত?**
K ১৬ লক্ষ L ২০ লক্ষ
M ২৬ লক্ষ N ৩০ লক্ষ

**২৯. বাংলাদেশে মোট শ্রমশক্তির পরিমাণ কত?**
K ৪ কোটি ৬৭ লক্ষ L ৫ কোটি ৬৭ লক্ষ
M ৬ কোটি ৫৭ লক্ষ N ৭ কোটি ৪৭ লক্ষ

**৩০. বাংলাদেশে মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী?**
K ১/২ L ১/৩
M ১/৪ N ১/৫

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | M | ৯ | L | ১০ | L | ১১ | K | ১২ | K | ১৩ | N | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | M | ২২ | M | ২৩ | L | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | L | ২৯ | L | ৩০ | N |

## ৮ সরকারি করোনেশন বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা

বিষয় কোড : 1 4 3

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. "ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠিতকরণ, নির্দেশনা, সমন্বয় ও নিয়ন্ত্রণের সমষ্টি"-এ অভিমতটি কার?**
K হেনরী ফেওল
L R-w, Taylor
M এম.এ মান্না
N দুর্গাদাস ভট্টাচার্য

**২. নিয়ন্ত্রণের ভিত্তি কী?**
K নির্দেশনা L পরিকল্পনা
M সংগঠন N সমন্বয়

**৩. প্রতিষ্ঠানের অন্যতম উপাদান কী?**
K কর্মিবাহিনী L মূলধন
M শ্রম N ভূমি

**৪. কোনটি দ্বারা কর্মীরা মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়?**
K নিয়ন্ত্রণ L পরিকল্পনা
M নির্দেশনা N প্রেষণা

**৫. কর্মীদের উপর সুনির্দিষ্ট আদেশ থাকে না কোন নেতৃত্বে?**
K মুক্ত L গণতান্ত্রিক
M স্বৈরতান্ত্রিক N আমলাতান্ত্রিক

**৬. ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার অবশ্যই কী থাকে হবে?**
K বিমা L আর্থিক মূল্য
M মান N মোড়ক

**৭. সমুদ্র থেকে মুক্তা সংগ্রহ কোন শিল্পের অন্তর্গত?**
K উৎপাদন L সেবা
M প্রজনন N নিষ্কাশন

**৮. ব্যবসা বাণিজ্যসহ সব ক্ষেত্রে কীসের ব্যবহার আরও বাড়াতে হবে?**
K প্রযুক্তির L মোবাইলের
M ইন্টারনেটের N টেলিফোনের

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
রহমত তার এলাকার উৎপাদিত সরিষার উপর ভিত্তি করে তেল উৎপাদন করে বাজারে বিক্রি করতে পারছে না। কারণ এদেশে কেউ কোন পণ্য তৈরি করে বাজারে বিক্রি করতে চাইলে একটি প্রতিষ্ঠানের কাছ থেকে অনুমতি নিতে হয়।

**৯. পণ্য বাজারজাত করার অনুমতি দানকারী প্রতিষ্ঠানের নাম কী?**
K ট্রেডমার্ক L BIM
M BSTI N খাদ্য মন্ত্রণালয়

**১০. উক্ত প্রতিষ্ঠানটি কোন মন্ত্রণালয়ের অধীন?**
K বাণিজ্য L শিল্প
M অর্থ N শিক্ষা

**১১. বাংলাদেশে কোনটির সুযোগ সীমিত?**
K চাকরি L আত্মকর্মসংস্থান
M ব্যবসায় N বাণিজ্য

**১২. গ্রামীণ মহিলাদের কর্মসংস্থানমূলক প্রকল্পের কাজ হলো—**
i. পল্লী অঞ্চলের মহিলাদেরকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া
ii. প্রশিক্ষণ শেষে চাকরিতে নিয়োগ
iii. প্রশিক্ষণ শেষে তাদের মধ্যে ঋণ বিতরণ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৩. বাংলাদেশের অর্থনীতিতে শিল্প খাতের অবদান কতভাগ?**
K ২০% L ৩০%
M ৪০% N ৫০%

**১৪. বাংলাদেশে সমবায় আইন — সালের।**
K ১৯৯০ L ১৯৯১
M ২০০০ N ২০০১

**১৫. পদোন্নতি ও বদলি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্গত?**
K কর্মীসংস্থান L নির্দেশনা
M সংগঠিতকরণ N সমন্বয়সাধন

**১৬. ভোক্তাগণ কীসের মাধ্যমে মানসম্মত পণ্য পেয়ে থাকে?**
K পরিবহন L বিভাগীয়করণ
M প্রমিতকরণ N বিপণন

**১৭. বিজ্ঞাপন দেওয়া হয় কেন?**
K পণ্যের মূল্য বাড়ানোর জন্য
L ক্রেতাদের পণ্যের ধারণা দেওয়ার জন্য
M পণ্যের বাজার জানার জন্য
N উদ্যোক্তা তৈরি করার জন্য

**১৮. প্রমিতকরণের ফলে—**
i. পণ্যের মান নির্ধারণ করা হয়
ii. বিপণন প্রক্রিয়া সহজ হয়
iii. বিক্রয় কাজে গতিশীলতা বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?**
K ৫ L ৬
M ৭ N ৮

**২০. কোনটি প্রত্যক্ষ সেবামূলক পেশার অন্তর্ভুক্ত নয়?**
K চিকিৎসক L শিক্ষক
M মৎস্যজীবী N আইনজীবী

**২১. Porto Plqueno-এর অর্থ কী?**
K মাঝারি বন্দর L বৃহৎ বন্দর
M স্থল বন্দর N ক্ষুদ্র বন্দর

**২২. প্রযুক্তির পরিবেশের উপাদান হলো—**
i. প্রযুক্তি শিক্ষা
ii. কারিগরি শিক্ষা
iii. মানব সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৩. নিয়ন্ত্রণের ভিত্তি কী?**
K নির্দেশনা L পরিকল্পনা
M সংগঠন N সমন্বয়

**২৪. ব্যবস্থাপনার কাজ কয়টি?**
K ৫ L ৬
M ৮ N ৯
*[বি.দ্র. সঠিক উত্তর হবে ৭]

**২৫. কোনটি আধুনিক যুগের নিদর্শন?**
K দ্রব্য বিনিময় L কাগজি মুদ্রা
M ব্যবসায় সংগঠন N শিল্পবিপ্লব

**২৬. চায়ের দোকানে মুনাফা সীমিত হওয়ার কারণ কোনটি?**
K ঝুঁকি কম L চাহিদা কম
M বিক্রি কম N ক্রেতা কম

**২৭. কর্মী নিয়োগের মানদণ্ডের ভিত্তি হলো—**
i. শিক্ষাগত যোগ্যতা
ii. পেশাগত দক্ষতা
iii. বিশ্বস্ততা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. পাবলিক লি. কোম্পানির কতজন ন্যূনতম প্রবর্তক?**
K ২ L ৫
M ৭ N ৯

**২৯. কোন ধরনের নেতৃত্বে নেতা শুধু আদেশ করেন কিন্তু কোনো জবাবদিহি করেন না?**
K স্বৈরতান্ত্রিক L বামতান্ত্রিক
M আমলাতান্ত্রিক N মুক্ত

**৩০. সমাজের মানুষ যে জ্ঞানবোধ ও আচরণকে অনুকরণীয় মনে করে তাকে কী বলে?**
K মূল্যবোধ
L নৈতিকতা
M সংস্কৃতি
N সামাজিক দায়বদ্ধতা

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | N | ৫ | K | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | M | ১৩ | L | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | M | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | * | ২৫ | N | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | K |

## ৯ ✓ চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি উৎপাদন শিল্পের অন্তর্ভুক্ত?**
K বীজ থেকে চারা উৎপাদন
L সুতা থেকে কাপড় তৈরি
M সৌরশক্তি হতে বিদ্যুৎ উৎপাদন
N পার্টস থেকে সাইকেল তৈরি

**২. অপরিকল্পিত শিল্প স্থাপনের ফলে—**
i. মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়
ii. বিশুদ্ধ পানির সংকট ঘটে
iii. উপকারী প্রাণী বিলুপ্ত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা ২০১০ অনুযায়ী মোট জাতীয় উৎপাদনের কত ভাগ সেবা খাত থেকে আসে?**
K ২০ L ৩০ M ৪০ N ৫০

**৪. পূর্বজ্ঞান ছাড়া মি. আতিক জাহান ফার্মেসি স্থাপন করলেন এবং লোকসানের সম্মুখীন হলেন। জাহান ফার্মেসির লোকসানের মূল কারণ কোনটি?**
K সঠিক পণ্য নির্বাচন না করা
L বাজার জরিপ না করা
M অভিজ্ঞতা ও শিক্ষার অভাব
N মূলধনের স্বল্পতা

**৫. কোন ব্যবসায় সংগঠন পৃথিবীতে প্রথম শুরু হয়েছিল?**
K একমালিকানা L অংশীদারি
M যৌথমূলধনী N সমবায় সমিতি

**৬. পাবলিক লি. কোম্পানির ন্যূনতম কতজন পরিচালক থাকে?**
K ২ L ৩ M ৪ N ৫

**৭. নেলী কম্পিউটার সহজে হিসাব নিকাশের একটি সফটওয়্যার তৈরি করল। নেলী সফটওয়্যার কোনটির মাধ্যমে তার সফটওয়্যারটি সংরক্ষণ করবে?**
K পেটেন্ট L ট্রেডমার্ক
M কপিরাইট N সার্ভিসমার্ক

**৮. ব্যবসায়ের অন্তর্ভুক্ত কাজ কোনটি?**
K মুনাফা অর্জনের জন্য পরিচালিত কাজ
L সামাজিক উন্নয়নে পরিচালিত কাজ
M নিজস্ব পুকুরে মাছ চাষ করা
N বৈধতার সাথে মুনাফা অর্জনে পরিচালিত কাজ

**৯. কোনটি শিল্পোদ্যোগ?**
K বাণিজ্যিকভাবে হাঁস মুরগি চাষ
L মুদি দোকান প্রতিষ্ঠা উদ্যোগ
M শেয়ার ব্যবসায়ের উদ্যোগ
N সাবান সাথে মুনাফা অর্জনে পরিচালিত কাজ

**১০. ব্যবসায়ের সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কোনটি?**
K পণ্যের চাহিদা নির্ধারণ L পণ্য ক্রয় বিক্রয়
M সঠিক পণ্য নির্বাচন N পণ্যের স্থান নির্বাচন

**১১. অংশীদারি ব্যবসায় কত সালের আইন দ্বারা পরিচালিত?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৯৪ N ২০০১

**১২. কোনটি পণ্য প্রতীকের বহির্ভূত?**
K ডিভাইস L ব্যান্ড
M শিরোনাম N মোড়ক

**১৩. পরিবহন পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
K সময়গত L স্থানগত
M ঝুঁকিগত N তথ্যগত

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
২০১০ সালে আইন অনুযায়ী রসুলপুর গ্রামের কয়েকজন বিত্তহীন ব্যক্তি প্রচেষ্টা দামের একটি সংগঠন গড়ে তোলে। এ সংগঠনের উন্নয়ন ও অস্তিত্ব রক্ষার জন্য তারা নিজেদের মধ্যে থেকে নির্বাচিত প্রতিনিধি দ্বারা সংগঠনটি পরিচালনা করে। এছাড়া একে অপরকে বিপদে আপদে সাহায্য ও সহযোগিতা করে। বর্তমানে সংগঠনটি এলাকাতে আদর্শ সংগঠন হিসাবে গড়ে উঠেছে।

**১৪. উদ্দীপকের প্রচেষ্টা সংগঠনটি নিবন্ধন করার জন্য কত টাকার ট্রেজারি চালান প্রয়োজন হবে?**
K ৩০ L ৫০
M ১০০০ N ৫০০০

**১৫. উদ্দীপকের প্রচেষ্টা সংগঠনটি আদর্শ সংগঠন হিসাবে গড়ে ওঠার কারণ—**
i. গণতান্ত্রিক মূল্যবোধ ও চেতনার প্রয়োগ
ii. পারস্পরিক সহযোগিতা ও সেবার মনোভাব
iii. সকলের সমমর্যাদার অধিকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. বিপণনের অন্যতম কাজ কোনটি?**
K ক্রয় L বিক্রয়
M পরিবহন N মোড়কিকরণ

**১৭. ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?**
K ৭ L ১০ M ৫০ N ৬০

**১৮. ২০১০ সালের শিল্পনীতিতে চট্টগ্রাম বিভাগে উন্নত জেলা কোনটি?**
K খাগড়াছড়ি L রাঙামাটি
M ফেনী N বান্দরবান

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
আশা ফার্নিশার্স এর স্বত্বাধিকারী তার প্রতিষ্ঠানে বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ১ কোটি টাকা এবং ১০০ জন শ্রমিক নিয়োজিত আছে। তিনি একটি প্রতিষ্ঠানের ফার্নিসার যথাসময়ে ডেলিভারি নির্ধারিত সময়ের আগে দেওয়ার জন্য কর্মচারীদের বিশেষ প্রণোদনার ঘোষণা দিলেন এবং শেষ দিন দুপুরে তাদের লাঞ্চ করার ঘোষণা দিলেন। এতে কর্মচারীরা খুশি হয়ে কাজ করতে লাগল এবং নির্ধারিত সময়ে কাজ শেষ করল।

**১৯. আশা ফার্নিসার্স কে কোন ধরনের শিল্প বলা হয়?**
K সেবামূলক ক্ষুদ্র L সেবামূলক মাঝারি
M উৎপাদনমূলক মাঝারি N সেবামূলক বৃহৎ

**২০. ফার্নিসার উৎপাদনের কর্মচারীরা উৎসাহিত হওয়ার কারণ—**
i. উপর্যুক্ত নির্দেশনা দান
ii. সঠিক সমন্বয়সাধন
iii. সময়মতো প্রেষণা দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. কর্মদক্ষতা বৃদ্ধির জন্য কর্মীদের কোনটির প্রয়োজন?**
K প্রশিক্ষণ L মনোবল
M বেতন N শিক্ষা

**২২. কোনটি সংরক্ষণমূলক সহায়তার অন্তর্ভুক্ত?**
K সংগঠন তালিকাভুক্তির সুবিধা
L স্থায়ী ও চলতি মূলধনের সংস্থান
M কয়েক বছর রাজস্ব প্রদানের থেকে বিতর থাকার সুবিধা
N বন্ধ প্রতিষ্ঠান পুনঃচালুকরণে সাহায্য পাওয়া

**২৩. ব্যবসায়ের সময়গত বাধা দূর করে—**
K পরিবহন L গুদামজাতকরণ
M ব্যাংকিং N বিজ্ঞাপন

**২৪. কোনটি শ্রমিক-কর্মীদের প্রতি দায়বদ্ধতার বহির্ভূত?**
K আবাসনের সুব্যবস্থা করা
L নিরবচ্ছিন্ন কাজের পরিবেশ বজায় রাখা
M সঠিক মূল্যে সঠিক পণ্য পাওয়ার ব্যবস্থা করা
N অযথা কর্মী ছাঁটাইয়ের ব্যবস্থা রহিত করা

**২৫. কী কারণে একজন উদ্যোক্তা অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ হয়?**
K ঘন ঘন সরকার পরিবর্তন
L অধিক মূলধনের জন্য
M শ্রমিকদের সংখ্যাধিক্য
N নিজের প্রতি অত্যধিক বিশ্বাস

**২৬. আত্মকর্মসংস্থানে উৎসাহিত করতে করণীয় কাজ কোনটি?**
K আর্থিক প্রতিষ্ঠান স্থাপনের কারণ জানা
L অধিক আয়ের সম্ভাবনা
M প্রশিক্ষণ ও ঋণ প্রদান
N চাকরির সীমাবদ্ধতা তুলে ধরা

**২৭. মি. আতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণের আগে কর্মীদের সাথে আলোচনা করে নেন। এটি কীরূপ নেতৃত্ব?**
K গণতান্ত্রিক L স্বৈরতান্ত্রিক
M মুক্ত N আমলাতান্ত্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাজেদ খেলনাসামগ্রী আমদানি করে ব্যবসা করেন। সড়ক দুর্ঘটনায় তার পণ্যসামগ্রী নষ্ট হলে একটি প্রতিষ্ঠানের সহায়তায় নতুনভাবে আবার ব্যবসা শুরু করেন। বর্তমানে তিনি সফল ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন।

**২৮. জনাব সাজেদ কোন প্রতিষ্ঠানের সহায়তা পেয়েছেন?**
K ব্যাংক L বিমা
M সরকার N লিজিং কোম্পানি

**২৯. জনাব সাজেদের ব্যবসায় পরিচালনায় সহায়তাকারী প্রতিষ্ঠানের ভূমিকা—**
i. আর্থিক সাহায্য দান
ii. ক্ষতিপূরণের ব্যবস্থা করা
iii. প্রশিক্ষণ প্রদান করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. বাংলাদেশের প্রধান বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ সহায়তা পেতে হলে কোন ব্যাংকে যেতে হবে?**
K জনতা L অগ্রণী
M সোনালী N রূপালি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | N | ৪ | M | ৫ | K | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | K | ১০ | M | ১১ | M | ১২ | N | ১৩ | L | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | M | ১৯ | M | ২০ | N | ২১ | K | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | M | ২৬ | M | ২৭ | K | ২৮ | L | ২৯ | K | ৩০ | M |

## ১০ ✔ শহীদ আবদুর রব সেরনিয়াবাদ সরকারি মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট **ব্যবসায় উদ্যোগ ◆ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি আইনগত পরিবেশের উপাদান?**
K আইন-শৃঙ্খলা
L মানব সম্পদ
M সরকারি নীতিমালা
N পরিবেশ সংরক্ষণ

**২. ব্যবসায়ের ফলে কীসের সৃষ্টি হয়?**
K শিল্পের
L চাকরির
M কর্মসংস্থানের
N যোগাযোগের

**৩. খনি থেকে কয়লা উত্তোলন কোন শিল্পের অন্তর্গত?**
K নিষ্কাশন L উৎপাদন
M প্রজনন N নির্মাণ

**৪. মানুষের অভাব মোচনের লক্ষ্যে কীসের সূচনা হয়?**
K সভ্যতার L ব্যবসায়ের
M বাণিজ্যের N কৃষিকাজের

**৫. আত্মকর্মসংস্থানে আয়ের ধারাবাহিকতা কীরূপ?**
K অনিশ্চিত L অবশ্যম্ভাবী
M মোটামুটি N নিশ্চিত

**৬. আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিশ্চিত করা যায়—**
i. গ্রামীণ সমাজ ও অর্থনীতির উন্নয়ন
ii. শহরমুখী জনস্রোত নিয়ন্ত্রণ
iii. প্রথম দিকের আয়

**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. কর্মসংস্থানকে কয় ভাগে ভাগ করা যায়?**
K ২ L ৩
M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
সবুজ পড়াশুনা শেষ করে চাকরি না করে বাড়িতে মৎস্য খামার স্থাপন করে। সে মাছের পোনা কিনে এনে তা বড় হলে বাজারে সরবরাহ করে।

**৮. সবুজের কাজটি কোন ধরনের?**
K বাণিজ্য L প্রক্রিয়াজাত
M শিল্প N আত্মকর্মসংস্থান

**৯. সবুজের মৎস্য চাষের কারণ—**
i. পৈতৃক ব্যবসায়
ii. আত্মকর্মসংস্থানের সুযোগ
iii. মুনাফা

**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. সফল উদ্যোক্তা কোন ধরনের গুণের অধিকারী হয়ে থাকেন?**
K গতিশীল L উদ্ভাবনী
M সাহসী N আত্মবিশ্বাসী

**১১. কম ঝুঁকিপূর্ণ ব্যবসায়ে কোনটি সীমিত?**
K লোকসান L মুনাফা
M ব্যয় N মূলধন

**১২. কঠোর পরিশ্রম একজন উদ্যোক্তার কোন ধরনের বৈশিষ্ট্য?**
K ব্যক্তিগত L সামাজিক
M মনস্তাত্ত্বিক N অর্থনৈতিক

**১৩. কোন ধরনের অংশীদারের দায় সসীম?**
K সাধারণ L ঘুমন্ত
M সীমিত N নামমাত্র

**১৪. জনাব আলী ক ব্রাদার্সের পরিচালক। তিনি কীসের ভিত্তিতে ব্যবসায় পরিচালনা করেন?**
K আইনের L আওতার
M চুক্তির N অর্থের

**১৫. ব্যবসায় পরিবারের দ্বিতীয় সদস্য কোনটি?**
K একমালিকানা
L অংশীদারি
M যৌথমূলধনী
N রাষ্ট্রীয়

**১৬. উপমহাদেশে কত সালে প্রথম কপিরাইট আইন প্রণীত হয়?**
K ১৯০৮ L ১৯০৯
M ১৯১২ N ১৯১৯

**১৭. কোনো পণ্যকে অন্যের অনুরূপ হতে স্বতন্ত্র করে কোনটি?**
K ট্রেডমার্ক L সার্ভিস মার্ক
M পেটেন্ট N কপিরাইট

**১৮. বর্তমানে বাংলাদেশে চালু ট্রেডমার্ক আইনটি কত সালের?**
K ১৯৪০ L ১৯৯৯
M ২০০৯ N ২০১১

**১৯. কোনটিকে দায়িত্বশীল কাজ বলা হয়?**
K নেতৃত্ব
L নিয়ন্ত্রণ
M পরিকল্পনা
N সমন্বয়সাধন

**২০. কোনটি ব্যবসায়ের কাঠামো নির্ধারণ করে?**
K সংগঠন L পরিকল্পনা
M নির্দেশনা N নিয়ন্ত্রণ

**২১. কোনটির যথার্থতার ওপর প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে?**
K নির্দেশনা L নেতৃত্ব
M প্রেষণা N পরিকল্পনা

**২২. নেতার সাংগঠনিক ক্ষমতা কোনটি?**
K ক্ষমতা প্রদর্শন
L ব্যক্তিগত ক্ষমতা
M বিশেষায়িত ক্ষমতা
N অর্জিত ক্ষমতা

**২৩. পণ্যের তথ্যগত বাধা দূর করে কে?**
K দক্ষতা
L যোগ্যতা
M বিজ্ঞাপন
N নৈতিকতা

**২৪. পণ্যদ্রব্যের মালিকানা কীভাবে সৃষ্টি হয়?**
K ক্রয়ের মাধ্যমে
L বিক্রয়ের মাধ্যমে
M উৎপাদনের মাধ্যমে
N শিল্পের মাধ্যমে

**২৫. কোনটির অভাবে ব্যবসায়িক ঝুঁকি বেড়ে যায়?**
K মোড়কীকরণ
L ভোক্তা বিশ্লেষণ
M তথ্য বিশ্লেষণ
N পরিবহন

**২৬. কোনটি বিক্রয়কর্মীর দক্ষতার মধ্যে থাকে?**
K ভোক্তা L বিক্রয়িকতার
M উদ্যোক্তা N উৎপাদক

**২৭. ইথস শব্দের অর্থ কী?**
K মানব আচরণের মানদণ্ড
L অনুকরণীয় জ্ঞানবোধ
M অনুসরণীয় মূল্যবোধ
N ব্যবসায়িক শিক্ষা

**২৮. কৃত্রিম সংকট সৃষ্টি না করা কীসের অন্তর্ভুক্ত?**
K সামাজিক আইন
L ব্যবসায়িক আইন
M ব্যবসায় নীতি
N ব্যবসায় নৈতিকতা

**২৯. ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধির জন্য কোন দায়িত্ব পালন অপরিহার্য?**
K ব্যক্তিগত L সামাজিক
M দলীয় N পারিবারিক

**৩০. ক কোম্পানি সবসময় মানসম্পন্ন পণ্য সরবরাহ করে। তারা কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করে?**
K পরিবেশ L সরকার
M ভোক্তা N ব্যবসায়ী

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | N | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | N | ৯ | M | ১০ | K | ১১ | L | ১২ | M | ১৩ | M | ১৪ | M | ১৫ | L |
| | ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | K | ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | N | ২৯ | L | ৩০ | M |

# মূল বইয়ের বাইরে আরও এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ১১ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ রহমত আলী একজন কৃষক। তিনি জমি চাষ করার জন্য একজোড়া গরু কিনলেন। তার স্ত্রী বাজার থেকে কাপড় কিনে এনে নিজের সন্তানের জন্য জামা তৈরি করলেন এবং কিছু জামা বাজারেও বিক্রি করলেন।

ক. বাণিজ্য কী? ১
খ. উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা কর। ২
গ. রহমত আলীর গরু কেনার কাজটি ব্যবসায় কি না? ব্যাখ্যা কর। ৩
ঘ. রহমত আলীর স্ত্রীর কার্যক্রমটি ব্যবসায়িক দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

২ ▸ মি. জাহিদ একজন শিল্পপতি। তিনি তার ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে ২০ কোটি টাকা ঋণ নিলেন। তার শিল্পের উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন জেলায় সরবরাহ করা হয়। দেশের চাহিদা পূরণের পাশাপাশি বিদেশেও তিনি তার উৎপাদিত পণ্য রপ্তানি করেন।

ক. প্রাকৃতিক পরিবেশ কী? ১
খ. নিষ্কাশন শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মি. জাহিদের ব্যবসায়ের ধরন উল্লেখ কর। ৩
ঘ. তার উৎপাদিত পণ্য কীভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করে? বিশ্লেষণ করো। ৪

৩ ▸ মুক্তা একজন ব্যবসায়ী। তিনি তার গ্রামে বিজয় দিবস উদযাপন করার জন্য গ্রামের সকল যুবককে ডেকে একটি কমিটি করলেন। বিজয় দিবসে দেশের গান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতার আয়োজন করলেন এবং পুরস্কার দেওয়ার ব্যবস্থা করলেন।

ক. উদ্যোক্তারা কোন ধরনের কাজ করে আনন্দ পান? ১
খ. উদ্যোগ ও ঝুঁকির মধ্যে সম্পর্ক কী? ব্যাখ্যা কর। ২
গ. মুক্তা কর্তৃক বিজয় দিবস উদযাপন কোন ধরনের কর্মতৎপরতা? ৩
ঘ. 'উদ্যোগের প্রধান উদ্দেশ্য জনকল্যাণ, মুনাফা অর্জন নয়' তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৪ ▸ সাজেদুল ইসলাম কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পাস করে সরকারি চাকরির আশা না করে নিজ গ্রামে কয়েকটি পুকুর নিয়ে মাছ চাষ করে। সে গ্রামের আরও কয়েকজনকে প্রশিক্ষণ দিয়ে তার মাছের খামারে কাজের ব্যবস্থা করে। সে মাছের খামারে অনেক মুনাফা করে এবং তার গ্রামকে আদর্শ গ্রামে রূপান্তরিত করার পরিকল্পনা করে।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কোনটি? ১
খ. নট্রামস কী? ব্যাখ্যা কর। ২
গ. সাজেদুল ইসলামের মাছের খামারের সফলতা অর্জনের পেছনে কী কী বিষয় কাজ করছে তা বর্ণনা কর। ৩
ঘ. সাজেদুল ইসলামের সিদ্ধান্তটি গ্রাম উন্নয়নে কতটুকু সহায়ক? যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

৫ ▸ জনাব জাহাঙ্গীর সামান্য পুঁজি নিয়ে নিজ গ্রামে একটি হাঁস-মুরগির খামার গড়ে তোলেন। একটি সবজির বাগান করে সেখান থেকেও কিছু আয়ের ব্যবস্থা করেন। বর্তমানে চাকরি সংকটের কারণে চাকরির জন্য বসে না থেকে নিজেই কর্মসংস্থান গড়ে তুলে বেকারত্বের হাত থেকে মুক্তি পেয়েছেন।

ক. জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান শতকরা কত ভাগ? ১
খ. আত্মকর্মসংস্থানের কয়েকটি ক্ষেত্রের নাম উল্লেখ কর। ২
গ. জনাব জাহাঙ্গীর হাঁস-মুরগির খামার ও সবজি চাষ কী ধরনের কাজ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জাহাঙ্গীরের আত্মকর্মসংস্থানকে পেশা হিসেবে বেছে নেওয়ার সিদ্ধান্ত কি সঠিক ছিল? তোমার যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▸ নিম্নবিত্ত পরিবারের বড় সন্তান রফিক যখন এসএসসি পাস করেন, তখন হঠাৎ তার বাবা মারা যান। ফলে সংসারের দায়িত্ব তার ওপরে এসে পড়ে। ফলশ্রুতিতে রফিক কিছু টাকা ধার করে মানিকগঞ্জ বাসস্ট্যান্ডের কাছে ছোট একটা চায়ের দোকান খুলে কর্মজীবন শুরু করেন।

ক. একমালিকানা ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. একমালিকানা ব্যবসায় ও অংশীদারি ব্যবসায়ের একটি পার্থক্য দেখাও। ২
গ. রফিকের ব্যবসায়টির স্থায়িত্ব কেমন হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাংগঠনিক ধরন বিবেচনায় রফিকের ব্যবসায়টি কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন'- তোমার মতামত দাও। ৪

৭ ▸ রায়হান, রাজীব ও রাহাত তিন বন্ধু। তারা তিনজনে নিজ নিজ পুঁজি যৌথভাবে বিনিয়োগ করে একটি অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠান গঠনের উদ্যোগ নেয়। তারা এ লক্ষ্যে একটি চুক্তিপত্রের খসড়া তৈরি করে। প্রত্যেকে মূলধন বিনিয়োগ করবে এবং প্রত্যেকে সমান পরিমাণ মুনাফা পাবে। তারা তিনজনই ব্যবসায় পরিচালনায় অংশ নিবে। এজন্য অসুবিধা তুলনামূলকভাবে কমবে।

ক. অংশীদারি ব্যবসায় কী? ১
খ. 'চুক্তিই অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি'-ব্যাখ্যা কর। ২
গ. রায়হান, রাজীব ও রাহাতের ব্যবসায় গঠন করতে কী কী নিয়মাবলি সম্পন্ন করতে হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবসায়টি নিবন্ধন করা আবশ্যক কিনা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ 'পানশি নকশি ঘর' যশোরের একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। এর স্বত্বাধিকারী জনাব ফারুক অনেক ভেবে-চিন্তে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করেন। প্রয়োজনে কর্মীদের পরামর্শ নেন। দীর্ঘমেয়াদে সফলতা বজায় রাখার জন্য নকশিকাঁথা ও অন্যান্য সামগ্রী তৈরির জন্য দক্ষ কারিগরের গুরুত্ব বিবেচনা করে তিনি কর্মী নিয়োগ দেন এবং যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. প্রেষণা দান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব ফারুকের কাজকে কী বলা হয়? বর্ণনা কর। ৩
ঘ. 'পানশি নকশি ঘর' স্বনামধন্য প্রতিষ্ঠান হওয়ার পেছনে কারণ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ কিশোরগঞ্জ নতুন বাজারে স্কুলের পাশে অবস্থিত তাকীয়া স্টোর-এর মালিক শামীম প্রত্যাশিত মুনাফা লাভ করতে পারছেন না। খোঁজ নিয়ে জানতে পারলেন, প্রতিষ্ঠানের টার্গেট অর্জনের জন্য প্রয়োজনীয় চেষ্টা করা হচ্ছে না। ফলে মুনাফা অর্জন অনিশ্চিত হয়ে পড়ে। এছাড়া তিনি ব্যবসায়ের নিরাপত্তা নিয়েও চিন্তিত।

ক. নেতৃত্বকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. অর্থায়নের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. শামীমকে ব্যবস্থাপনার কোন কাজের ওপর গুরুত্ব আরোপ করতে হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শামীম কীভাবে লক্ষ্য অর্জন করতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

১০ ▸ জনাব নাহিদ একজন সফল ব্যবসায়ী। তিনি বিপণন প্রক্রিয়া আধুনিক পদ্ধতি প্রয়োগে অত্যন্ত সচেতন। পণ্যের গুণাগুণ, আকার, রং স্বাদ প্রভৃতির ওপর ভিত্তি করে তিনি পণ্যের মূল্য নির্ধারণ করেন। এরপর তা যথাযথ উপায়ে বিক্রির ব্যবস্থা করেন। এসব কারণে দিন দিন তার ব্যবসায়ের গতিশীলতা বেড়ে যাচ্ছে।

ক. বিপণন কী? ১
খ. কীভাবে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি হয়? বাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব নাহিদ সম্পাদিত কাজটি কোন ধরনের তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব নাহিদ চাহিদার সাথে যোগানের সামঞ্জস্য বিধানে কী ভূমিকা পালন করতে পারেন বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব ঈশিতা রহমান মহিলা উদ্যোক্তা হিসেবে পুরস্কৃত হয়েছেন। তিনি বলেন, গত বছর চাহিদা কমে যাওয়ায় তার প্রতিষ্ঠানের মুনাফা কমে গিয়েছে। ফলে তিনি ঝুঁকির সম্মুখীন হয়েছিলেন। তিনি আরও জানান, শুধু অনুকূল পরিবেশের অভাবে আমাদের অগ্রযাত্রা ব্যাহত হচ্ছে।

ক. 'ঐতিহ্য ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান? ১
খ. শিল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২
গ. জনাব ইশিতা রহমান কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ঈশিতা রহমানের মতো উদ্যোক্তাদের অগ্রযাত্রা ব্যাহত হওয়ার কারণ উদঘাটন করে তোমার সুপারিশ তুলে ধর। ৪

# ১২ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ জনাব ইয়াসির আরাফাত একজন ব্যবসায়ী। তিনি রাজশাহী থেকে আম এনে ঢাকায় যাত্রাবাড়ীতে বিক্রি করেন। উক্ত আম সাধারণ ভোক্তার কাছে পৌঁছানোর জন্য তিনি কতকগুলো সমস্যায় পড়েন। তিনি তার সমস্যাগুলো বাণিজ্যের বিভিন্ন শাখার মাধ্যমে সমাধান করার পরিকল্পনা করেন।

ক. বাণিজ্য কী? ১

খ. বাণিজ্য পণ্যের কোন কোন প্রতিবন্ধকতা দূর করে? ২

গ. জনাব ইয়াসির আরাফাত পণ্য বণ্টনের ক্ষেত্রে কী ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন বলে তুমি মনে কর? ৩

ঘ. জনাব ইয়াসির আরাফাত তার প্রতিবন্ধকতাগুলো কীভাবে অতিক্রম করবেন? তোমার সুপারিশ উপস্থাপন কর। ৪

২ ▸ মানুষ প্রকৃতিপ্রদত্ত সম্পদে পুরোপুরি সন্তুষ্ট নয়। কারণ এগুলো চাহিদা পূরণে অক্ষম। অসীম চাহিদা পূরণের জন্য মানুষ তাই প্রকৃতিপ্রদত্ত সম্পদকে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে রূপান্তর ঘটিয়ে নিজেদের ব্যবহার উপযোগী করে। এটাই শিল্প। শিল্পের উন্নয়ন ঘটিয়ে একটি দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হতে পারে। কিন্তু বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে বাংলাদেশ শিল্পে অনগ্রসর।

ক. শিল্পকে কয়ভাগে ভাগ করা যায়? ১

খ. শিল্পের সাথে ব্যবসায় ও বাণিজ্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. প্রকৃতিপ্রদত্ত সম্পকে কীভাবে রূপান্তর ঘটিয়ে ব্যবহার উপযোগী করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. শিল্পক্ষেত্রে বাংলাদেশের অনগ্রসরতার কারণসমূহ চিহ্নিত করে আলোচনা কর। ৪

৩ ▸ উদ্যোক্তা ঝুঁকি গ্রহণ করে নিজ প্রচেষ্টা ও উদ্ভাবনী শক্তির দ্বারা ব্যবসায় সংগঠন গঠন করেন এবং প্রেরণার মাধ্যমে এটিকে সাফল্যের দ্বারপ্রান্তে নিয়ে যান। অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তারা দেশের প্রাপ্ত সম্পদ এবং জনশক্তি কাজে লাগিয়ে শিল্প ও বাণিজ্য সম্প্রসারণ করে প্রাকৃতিক সম্পদের ব্যবহার নিশ্চিত করেন। বিনিয়োগ বৃদ্ধি এবং কর্মসংস্থানের ক্ষেত্র সৃষ্টি করা উদ্যোক্তার অন্যতম কাজ। ভারতের টাটা, বিরলা, আমেরিকার ফোর্ড, রকফেলার, বাংলাদেশের আর পি সাহা, গুলবক্স ভূঁইয়া, জহুরুল ইসলাম, স্যামসন এইচ চৌধুরীসহ আরও অনেক সফল উদ্যোক্তা নিজ নিজ ধ্যান-ধারণা এবং সুযোগ কাজে লাগিয়ে সবার কাছে স্মরণীয় এবং বরণীয় হয়ে আছেন।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. ব্যবসায় উদ্যোক্তা কাকে বলে? উদ্যোক্তার কাজ কী? ২

গ. ব্যবসায় উদ্যোগ ও ব্যবসায় উদ্যোক্তার মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান? ৩

ঘ. 'উদ্যোক্তাই পারে একটি দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটাতে'— বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ বিদেশ ফেরত শামীম নিজের কর্মের কোনো ব্যবস্থা করতে না পেরে নিজ এলাকা কুমিল্লা শহরে একটি বইয়ের লাইব্রেরি দেয়। আশপাশের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা বইপত্র ক্রয় করে। অল্পদিনের মধ্যেই তার ব্যবসায়টি জমজমাট হয়ে ওঠে। ব্যবসায়ী হিসেবে শামীম এখন বেশ সফল।

ক. যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে? ১

খ. ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ২

গ. শামীমের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর, শামীম একজন সফল উদ্যোক্তা? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ জনাব আহমেদ বি.কম পাস করে দীর্ঘদিন কোনো চাকরি না পেয়ে গ্রামে চলে আসেন। সেখানে তিনি তার ব্যবসায়ী বন্ধু আনিসের পরামর্শে কিছু পুঁজি নিয়ে 'শুভেচ্ছা কনফেকশনারি' নামে একটি ব্যবসায় শুরু করেন। এ কাজে তাকে সহায়তা করার জন্য তিনি দক্ষ ও অভিজ্ঞ দুজন কর্মী নিয়োগ করেন। কয়েক বছরের মধ্যেই এলাকায় প্রতিষ্ঠানটির সুনাম ছড়িয়ে পড়ে।

ক. নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও সম্পদকে কাজে লাগিয়ে জীবিকা অর্জনের ব্যবস্থাকে কী বলে? ১

খ. চাকরির বিকল্প হিসেবে আত্মকর্মসংস্থানের জনপ্রিয়তা অর্জনের কারণ বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে 'শুভেচ্ছা কনফেকশনারি' কোন ধরনের ব্যবসায়? বর্ণনা কর। ৩

ঘ. 'জনাব আহমেদের কর্মসংস্থানের প্রয়োজনীয়তা অপরিসীম।' উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় আত্মকর্মসংস্থানের বেশ কিছু উপযুক্ত ও লাভজনক ক্ষেত্র চিহ্নিত করতে পারি। এ উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের ওপর আত্মকর্মসংস্থানমূলক ব্যবসায়ের সাফল্য ও ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে। এ উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের সময় কিছু বিষয় বিবেচনায় আনতে হবে। এসব ক্ষেত্রে সফলতা লাভের জন্য বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নেওয়া যায়।

ক. বাংলাদেশে মোট কর্মহীন লোকের সংখ্যা কত? ১

খ. সুষ্ঠু ব্যবসা পরিকল্পনা প্রণয়ন ধারণা কী? ব্যাখ্যা কর। ২

গ. আত্মকর্মসংস্থানের ৫টি ক্ষেত্র নির্বাচন কর এবং নির্বাচন করার কারণ উল্লেখ কর। ৩

ঘ. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের সময় বিবেচ্য বিষয়গুলো পর্যালোচনা কর। ৪

৭ ▸ নাফিজ ও তার চার বন্ধু চুক্তির ভিত্তিতে একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। উৎপাদিত পণ্যের গুণগতমান ভালো হওয়ায় দিন দিন চাহিদা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে ব্যবসায় সম্প্রসারণ ও আধুনিকায়ণে সমস্যা হচ্ছে। তাই তারা সংগঠনের ধরন পরিবর্তন করে ১৯৯৪ সালের আইনানুযায়ী 'নাফিজ অ্যান্ড ফ্রেন্ডস' কোং লি. নামে প্রতিষ্ঠানটি নিবন্ধন করে বৃহৎ পরিসরে কাজ শুরু করেন। ২ বছরের মধ্যে তারা দুইটি বিভাগীয় শহরে তাদের শাখা খুলে ব্যবসায় সম্প্রসারণ করেন।

ক. ব্যবসায় সংগঠন কত প্রকার? ১

খ. একমালিকানা ব্যবসায় 'মালিকের দায় অসীম' কথাটি ব্যাখ্যা কর। ২

গ. নাফিজ ও তার বন্ধুদের ১ম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি কী ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. সাংগঠনিক ধরন পরিবর্তন করায় নাফিজদের প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে আরও বেশি ভূমিকা রাখবে— বিষয়টি মূল্যায়ন কর। ৪

৮ ▸ আমিন গার্মেন্টিসের মালিক জনাব রুহুল তার অধস্তনদের চাপের মুখে রাখেন। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের সঙ্গে আলোচনা না করে উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়ে শ্রমিকদের ওভারটাইম কাজ করতে বাধ্য করেন। পরবর্তীতে প্রতিষ্ঠান ক্ষতির সম্মুখীন হলে তিনি শ্রমিকদের দায়ী করেন। ফলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পেতে থাকে। এখন তিনি ব্যবস্থাপনার কিছু কৌশল পরিবর্তনের কথা ভাবছেন।

ক. পূর্বনির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য সম্পাদিত কার্যাবলিকে কী বলা হয়? ১

খ. ব্যবসায় অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. 'আমিন গার্মেন্টিসে' কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? বর্ণনা দাও। ৩

ঘ. 'আমিন গার্মেন্টসের' উন্নয়নে তুমি কোন ধরনের নেতৃত্ব সুপারিশ করবে? ৪

৯ ▸ শুভর দোকানের পাশে একই ধরনের আরও একটি দোকান গড়ে ওঠায় বিক্রির পরিমাণ কমে যায়। বিক্রয় বাড়ানোর কৌশল হিসেবে শুভ দেখতে ভালো, সদালাপী এরকম একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। কিছুদিন পর তার দোকানে বিক্রির পরিমাণ আগের অবস্থায় ফিরে আসে।


ক. কী দ্বারা পণ্যকে আকর্ষণীয় করা যায়? ১

খ. প্রমিতকরণ কী? ব্যাখ্যা কর। ২

গ. শুভ বিক্রয়কর্মী নিয়োগে কোন ধরনের বৈশিষ্ট্যের কথা বিবেচনা করেছেন? ৩

ঘ. বিক্রয় বৃদ্ধিতে শুভর গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. চিত্রে শূন্যস্থানে কোনটি বসবে? ১

খ. বাজারজাতকরণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের বিষয়গুলো কীসের সাথে জড়িত? উক্ত বিষয়গুলো উদ্দীপকের জড়িত বিষয়ের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বাজারজাতকরণের ভূমিকা মূল্যায়ন কর। ৪

১১ ▸ ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান। যদিও ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন করা তবুও ব্যবসায় প্রতিষ্ঠানকে নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতার বিষয়টি মেনে চলতে হয়।

ক. ইথস শব্দের অর্থ কী? ১

খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. "ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান" বর্ণনা কর। ৩

ঘ. ব্যবসায়ের ক্ষেত্রে নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতার প্রয়োজন আছে কী? মতামত দাও। ৪

## ১৩ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ শরিয়তপুরের বাসিন্দা জাফর আহমদ তার এলাকায় দেশি মুরগির একটি খামার স্থাপন করেন। তার খামারে উৎপাদিত মুরগি ও ডিম বিক্রি করে তিনি সফলতার মুখ দেখেন। সম্প্রতি তিনি তার ব্যবসা সম্প্রসারণ করার জন্য উপজেলা সদরে একটি বিক্রয়কেন্দ্র করতে চান। কিন্তু তার এলাকার সাথে উপজেলা সদরের সাথে যোগাযোগ সংযোগকারী নদীটির উপর কোনো সেতু না থাকাতে তিনি তা সঠিকভাবে করতে পারছেন না।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. পণ্যের বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. জনাব জাফরের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জাফরের বাজার সম্প্রসারণ করতে না পারার কারণ ব্যাখ্যা কর। ৪

২ ▶ উচ্চ শিক্ষিত আরিফ চাকরির খোঁজ না করে তার এলাকা খৈয়াছড়া ঝরনার পাশে অল্প দামে কিছু জমি কিনে একটি পিকনিক স্পট স্থাপন করেন। তিনি খেলার সামগ্রীসহ অন্যান্য সামগ্রী দিয়ে পিকনিক স্পটটি সাজান। জনপ্রতি ৩০ টাকা প্রবেশ ফি নির্ধারণ করেন। প্রথমদিকে লোকসমাগম কম থাকায় তিনি হতাশ হয়ে পড়েন। পরবর্তীতে তিনি টেলিভিশনে বিজ্ঞাপন দেন। এতে আস্তে আস্তে লোকসমাগম বাড়তে থাকে এবং স্পট থেকে আয়ের পরিমাণ বাড়তে থাকে।

ক. উন্নত অবকাঠামোগত উপাদান কী? ১

খ. ব্যবসায়ের লাভ-লোকসান হ্রাস-বৃদ্ধি ঘটে কোন কারণে? ব্যাখ্যা কর। ২

গ. আরিফের পিকনিক স্পট স্থাপনের কাজকে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. একটি ঝরনার পাশে পিকনিক স্পট তৈরিতে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▶ পতেঙ্গার সুমন মিয়া এস এসসি পাস করার পর দারিদ্র্যের কারণে আর পড়ালেখা করতে পারেননি। পরবর্তীতে তিনি সাগরপাড় থেকে শামুক ঝিনুক দিয়ে বিভিন্ন জিনিস তৈরির প্রশিক্ষণ নেন। প্রশিক্ষণ শেষে তিনি শামুক ঝিনুক দিয়ে খেলনা শো পিচ ইত্যাদি তৈরি করেন এবং তা পর্যটকদের কাছে বিক্রি করেন। এছাড়া বিভিন্ন অঞ্চলে মেলা বা প্রদর্শনীতে তিনি তার উৎপাদিত পণ্য সরবরাহ করেন এবং প্রচুর মুনাফা অর্জন করেন।

ক. নট্রামস এর প্রধান কাজ কী? ১

খ. 'শুধু মহিলাদের কর্মসংস্থান তৈরিতে সরকারি সংস্থাটির কার্যক্রম' উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব সুমন মিয়ার কর্মসংস্থানটি কোন ধরনের? তা বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে উদ্দীপকে বর্ণিত ক্ষেত্রটি নির্বাচনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▶ সুমন, রাজন, মোহন তারা তিন বন্ধু পারস্পরিক সমঝোতার ভিত্তিতে ফ্রেন্ডস এন্ড ব্রাদার্স নামে একটি সংগঠন গড়ে তোলে। তারা তাদের প্রতিষ্ঠান থেকে লাভ আলোচনাসাপেক্ষে বণ্টন করেন। গত কয়েক বছর তাদের প্রতিষ্ঠানটি সফলতার সাথে চলছে। সম্প্রতি একটি সড়ক দুর্ঘটনায় সুমন মস্তিষ্কে আঘাত পান এবং পাগল হয়ে যান। এ কারণে তাদের প্রতিষ্ঠানটি বিলোপ ঘটে।

ক. একমালিকানা কারবার কী? ১

খ. সমবায় সংগঠন গড়ে ওঠার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. মালিকানার ভিত্তিতে ফ্রেন্ডস্ এন্ড ব্রাদার্স সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফ্রেন্ডস্ এন্ড ব্রাদার্স সংগঠনটি বিলোপসাধনের কারণ ব্যাখ্যা কর। ৪

৫ ▶ জনাব আরাফাত দীর্ঘদিন গবেষণা করে একটি নতুন জাতের গমের বীজ উৎপাদন করেন। এ জাতের গম সেচে এবং অতি অল্প সময়ে উৎপাদন করা যায়। তিনি একটি বিশেষ চিহ্ন ব্যবহার করে প্যাকেটজাত করে উক্ত গমের বীজ বিক্রি করেন। বর্তমানে একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান তার গম বীজের মতো বীজ বাজারজাত করছে। কিন্তু যথাযথ প্রমাণের অভাবে আরাফাত উক্ত প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনগত কোন ব্যবস্থা নিতে পারেননি।

ক. পেটেন্ট কী? ১

খ. কপিরাইট বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরাফাতের গমবীজের প্যাকেটে ব্যবহৃত চিহ্নটি কী? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অবস্থার প্রেক্ষিতে জনাব আরাফাতের আইনগত ব্যবস্থা গ্রহণ করতে না পারার কারণ ব্যাখ্যা কর। ৪

৬ ▶ রাঙামাটির স্কুলশিক্ষক চ্যাং ত্রিপুরা স্থানীয় তাঁতি ত্রিপুরাকে তাঁতে বোনা পণ্যসামগ্রীর ব্যাপক চাহিদা ও ভবিষ্যৎ সম্পর্কে ধারণা দেন। ব্যাপক চাহিদার কথা চিন্তা করে মেরিনা পাহাড়ি মেয়েদের পোশাক 'থামি' তৈরি করে বিক্রি করা শুরু করে এবং দ্রুত উন্নতি লাভ করতে থাকে। মেরিনার কারণে বেশ কয়েকজন মেয়ের কর্মসংস্থান হয়েছে। তার জেলায় বিগত তিন বছর যাবত তিনি সেরা নারী উদ্যোক্তা হিসেবে বিবেচিত হয়েছেন।

ক. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী? ১

খ. আত্মকর্মসংস্থানের একটি বৈশিষ্ট্য বর্ণনা কর। ২

গ. মেরিনার দ্রুত উন্নতিতে কোন বিষয়টি ভূমিকা রেখেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চ্যাং ত্রিপুরার পরামর্শ প্রতিপালনই মেরিনা ত্রিপুরার জীবনে এত স্বীকৃতি এনে দিয়েছে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৭ ▶ শিক্ষিত যুবক আকবর রান্নার ওপর প্রশিক্ষণ গ্রহণ করে নিজস্ব চিন্তা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে তিনজন কর্মচারী নিয়ে চট্টগ্রামের অভিজাত এলাকা খুলশীতে একটি ফাস্ট ফুডের দোকান দেন। দিন দিন প্রতিষ্ঠানটি উন্নতি লাভ করায় তিনি আগ্রাবাদ ও জি ই সি এলাকায় আরও দুটি শাখা খুলেন এবং ১০ জন কর্মচারী নিয়োগ দেন।

ক. কর্মসংস্থানকে প্রধানত কয়ভাগে ভাগ করা হয়? ১

খ. চাকরির বিকল্প হিসেবে আত্মকর্মসংস্থান ভালো ব্যাখ্যা কর। ২

গ. জনাব আকবর নিজেকে কোন পেশায় নিয়োজিত করলেন?— ব্যাখ্যা কর। ৩

ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে আকবরের পেশাটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৮ ▶ তাজরিন ফ্যাশনের মালিক জান্নাতুল তার প্রতিষ্ঠানের কর্মীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন। যার ফলশ্রুতিতে সকল কর্মী কাজে মনোনিবেশ করেন। কিন্তু তার পার্শ্ববর্তী তাহমিদ ফ্যাশনের মালিক তার কর্মীদের কাজের দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। কর্মীদের কাজের জন্য জবাবদিহিতা করেন না। কর্মীরা তাদের ইচ্ছামতো কাজ করে বিধায় কাজে বিশৃঙ্খলা দেখা দেয়।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনকের সংজ্ঞাটি লিখ। ১

খ. ব্যবস্থাপনার কোন দিকটি দ্বারা কর্মীদের কাজের প্রতি আগ্রহী করে তোলা যায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব জান্নাতুলের মধ্যে কোন ধরনের নেতৃত্ব বিরাজমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের তাজরিন ফ্যাশন তাহমিদ ফ্যাশন থেকে বেশি সফলতার কারণ কী? তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

৯ ▶ চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার চম্পাতলি গ্রামের নিম্নবিত্ত পেশাজীবী লোকজন পারস্পরিক কল্যাণের জন্য সোনালি বহুমুখি সমবায় সমিতি নামে একটি সমিতি গঠন করে। সমিতি গঠনের সময় উদ্যোক্তাগণ কতিপয় মৌলিক নীতি অনুসরণ করে। সমিতির প্রধান উদ্দেশ্য হলো বিভিন্ন প্রচেষ্টার মাধ্যমে সদস্যদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। যেন প্রত্যেক সদস্যই আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারে এবং জীবনযাত্রার মানকে উন্নত করতে পারে।

ক. সমবায় সমিতি কাকে বলে? ১

খ. সমবায় সমিতির উল্লেখযোগ্য একটি নীতি ব্যাখ্যা কর। ২

গ. সোনালি সমবায় সমিতি গঠনের সময় উদ্যোক্তাগণ কী কী মৌলিক নীতি অনুসরণ করেছে? ৩

ঘ. উদ্দীপকের সমবায় সমিতিটি গ্রামের উন্নয়নে কোন ভূমিকা রাখবে বলে তুমি মনে কর? মূল্যায়ন কর। ৪

১০ ▶ জনাব সরোয়ার তার পাঁচ বন্ধুকে সাথে নিয়ে ১৯৯৪ সালের আইন অনুযায়ী একটি ব্যবসা প্রতিষ্ঠা করলেন। তারা তাদের ব্যবসায় প্রতিষ্ঠানটিকে দেশের অন্যতম একটি কারখানা হিসাবে গড়ে তুলতে চান। এ উদ্দেশ্যে তারা সবাই সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিল প্রতিষ্ঠানের ধরন পরিবর্তনের। এর মাধ্যমে তারা জনগণ থেকে মূলধন সংগ্রহ করতে পারবেন।

ক. প্রাইভেট লিমিটেড কোম্পানিতে কতজন পরিচালক থাকে? ১

খ. কোম্পানির সদস্যদের দায় সীমিত-কথাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রথমে ৫ বন্ধু মিলে কোন ধরনের ব্যবসা গঠন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশের অন্যতম কারখানা হিসাবে গড়ে তুলতে জনগণ থেকে মূলধন সংগ্রহ করতে হবে-পাঁচ বন্ধুর এমন সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

১১ ▶ জনাব আজিমের চট্টগ্রামের নিউ মার্কেটে একটি তৈরি পোশাকের শো রুম আছে। তার প্রতিষ্ঠানে দশজন কর্মচারী আছে। দোকানটি উপযুক্ত স্থানে হওয়াতে ভালো মুনাফা অর্জিত হচ্ছে। তিনি যথাসময়ে কর ও প্রদান করেন। গত ঈদে কর্মচারিগণ বোনাস দাবি করলে তিনি দিতে রাজি নন। তিনি বলেন অতিরিক্ত কাজের জন্য তিনি ওভারটাইম প্রদান করেন। সুতরাং বোনাস দেওয়া যাবে না। কর্মচারিগণ বিক্ষুব্ধ হয়ে উঠলে তিনি তিনজন কর্মচারী ছাঁটাই করেন। এতে তার দোকানের সুনাম নষ্ট হলো।

ক. নৈতিকতা কী? ১

খ. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যাটি ব্যাখ্যা কর। ২

গ. কর প্রদানের মাধ্যমে জনাব আজিম কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আজিম প্রতিষ্ঠানের সুনাম ফিরিয়ে আনার জন্য তার কোন ধরনের দায়িত্ব পালন যথার্থ হবে বলে তুমি মনে কর? ৪

## ১৪ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ রাজার গ্রামের জাফর এলাকার চুল ব্যবসায় অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাবার অভাবের সংসারে লেখাপড়া ছেড়ে দিয়ে চুল ফেরিওয়ালা শুক্কুর আলীর পরামর্শে চুল ব্যবসায় যাত্রা শুরু করে জাফর একজন সফল চুল ব্যবসায়ী। তিনি চুল প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণ শেষে স্ত্রীসহ চুল প্রক্রিয়াজাতকরণ করে ঢাকায় বিক্রয় করেন এবং প্রচুর মুনাফা অর্জন করেন। তার ব্যবসায়ে ৫০ জন নারী শ্রমিক নিয়ে যাত্রা শুরু হলেও তার প্রতিষ্ঠিত চুল প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রে প্রায় ছয়শত শ্রমিক বর্তমানে কাজ করেন। সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান হতে সহায়তা পেলে তার ব্যবসা আরও সম্প্রসারিত করতে পারবেন বলে তিনি মনে করেন।

ক. শিল্প কী? ১
খ. একমালিকানা ব্যবসায়ের জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা কর। ২
গ. রাজার গ্রামের জাফরের ব্যবসায়টি কোন ধরনের? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের জাফরের প্রতিষ্ঠানটি আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখছে। মূল্যায়ন কর। ৪

২ ▸ চন্দ্র এবং সূর্য নিজেদের মধ্যে পারস্পরিক মৌখিক চুক্তির ভিত্তিতে যমুনা ট্রেডার্স নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠা করেন। মূলধন এবং মুনাফা তারা সমানভাবে বণ্টন করবে কিন্তু সূর্য অতিরিক্ত কোনো দায় বহন করবে না বলে জানিয়ে দেয়। আর্থিক সংকটে পড়ে যমুনা ট্রেডার্স মেসার্স রাতুল ট্রেডার্সের নিকট থেকে বাকিতে পণ্য ক্রয় করে কিন্তু সঠিক সময়ে অর্থ পরিশোধে ব্যর্থ হলে যমুনা ট্রেডার্সের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়।

ক. অংশীদারি ব্যবসায় কী? ১
খ. চুক্তি অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সূর্য কোন ধরনের অংশীদার? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতিতে মেসার্স রাতুল ট্রেডার্স যমুনা ট্রেডার্সের নিকট থেকে মামলা দায়ের করে অর্থ আদায় করতে কি পারবে? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব জুয়েল তাঁর পৈত্রিক সম্পদ বিক্রি করে রাস্তার পাশে বাড়ির পতিত জমিতে একটি হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করেন। খামারে উৎপাদিত ডিম সহজেই শহরের বাজারে বিক্রি করে ভালোই আয় হচ্ছে। খামারটি রাস্তার পাশে হওয়ায় হাঁস-মুরগির খাবার সংগ্রহ ও ডিম বিক্রয় তার জন্য সহজ হয়েছে যার ফলে অল্প সময়ে সে স্বাবলম্বী হয়ে উঠে।

ক. প্রজনন শিল্প কী? ১
খ. কম্পিউটার প্রোগ্রামিং শিক্ষা দেওয়া প্রতিষ্ঠানের ব্যাখ্যা দাও। ২
গ. জনাব জুয়েলের জীবিকার্জনের উপায়টি কী? বর্ণনা কর। ৩
ঘ. জনাব জুয়েলের খামার করে স্বাবলম্বী হওয়ার প্রধান কারণ বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব সাইফ তাঁর নিজের মেধা ও মনন দ্বারা একটি শিল্পকর্ম সৃষ্টি করেন। পরবর্তীকালে তিনি একটি চিত্র প্রদর্শনীতে গেলে তারই অবিকল শিল্পকর্ম প্রদর্শিত হতে দেখে তিনি আইনানুগ প্রতিকার চেয়ে মামলা করতে গিয়েও ক্ষতিপূরণের মামলা করতে পারেননি।

ক. মেধাসম্পদ কী? ১
খ. লাইসেন্স কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাইফের আবিষ্কৃত শিল্পকর্মটি কোন মেধাসম্পদের অন্তর্গত? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব সাইফ আইনানুগ প্রতিকার না পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪


৫ ▸ জনাব নয়ন নিজস্ব সৃজনশীলতাকে কাজে লাগিয়ে মোবাইল ফোনের মাধ্যমে বাসার বৈদ্যুতিক সরঞ্জামাদি নিয়ন্ত্রণে একটি ডিভাইস আবিষ্কার করে বাজারে সরবরাহ করেন। উক্ত ডিভাইসটি বাজারে প্রচুর সাড়া ফেলে। কিছুদিনের মধ্যেই অন্য একটি প্রতিষ্ঠান তার ডিভাইসটি বাজারে বিক্রয় করা শুরু করে। তিনি ঐ প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন আইনানুগ ব্যবস্থা নিতে পারেননি।

ক. প্রিমিয়াম কী? ১
খ. ফ্রানসাইজিং সম্পর্কে লেখ। ২
গ. জনাব নয়নের ডিভাইসটি কোন সম্পদের অন্তর্গত? বর্ণনা কর। ৩
ঘ. জনাব নয়নের আইনি সহায়তা না পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ জুবায়ের রহমান একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি নতুন একটি সফল প্রকল্পে পরিকল্পনামাফিক কার্য সম্পাদন করলেও বিভিন্ন বিভাগ ও উপবিভাগের মধ্যে চেইন সম্পর্ক বিদ্যমান না রাখায় প্রকল্পটি সফলতার মুখ দেখেনি। কর্মীদের মতামত ও পরামর্শ গ্রহণ না করা এবং নেতিবাচক মনোভাব পোষণ করায় কর্মীরা তার প্রতি অসন্তুষ্ট হন এবং যা উৎপাদন প্রক্রিয়াকে ব্যাহত করেছে।

ক. ব্যবসায়ের অন্যতম মানবিক সম্পদ কোনটি? ১
খ. নির্দেশনা বলতে কী বোঝায়? ২
গ. জুবায়ের রহমানের ব্যবস্থাপনায় কোনটির অভাবে প্রকল্পটি ব্যর্থ হয়? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে জুবায়ের রহমানের মধ্যে কোন ধরনের নেতৃত্ব প্রস্ফুটিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৭ ▸




ক. বন্টনপ্রণালি কী? ১
খ. পণ্যের সময়গত উপযোগ সৃষ্টিকারী উপাদানটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রটি দ্বারা ব্যবসায়ের কোন দিকটি তুলে ধরা হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত দিকটি পণ্যকে ক্রেতার নিকট গ্রহণযোগ্য করতে কতটুকু ভূমিকা রাখতে পারে? যুক্তিসহ বর্ণনা কর। ৪

৮ ▸ জনাব হামজা সিলেটের জিন্দাবাজারে অবস্থিত একটি স্বনামধন্য কসমেটিক শপের মালিক। তার বিভিন্ন সম্মোহক আচরণের দ্বারা ক্রেতা আকৃষ্ট হয়। তিনি সহজেই ক্রেতার সঙ্গে আলাপচারিতায় অভ্যস্ত এবং তাঁর অমায়িক ও মার্জিত ব্যবহার ক্রেতাকে তার শপে আকৃষ্ট করায় প্রচুর মুনাফা অর্জন করতে তিনি সক্ষম হন। তিনি শপের সামনে প্রদর্শনী আলোচনার মাধ্যমে ক্রেতা আকৃষ্ট করেন।

ক. মূল্যবোধ কী? ১
খ. 'সার' বিক্রয়ের বণ্টনপ্রণালিটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব হামজার কোন গুণাবলি ক্রেতাকে আকৃষ্ট করে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শপের প্রদর্শনী এবং আলোকসজ্জা বিক্রয়বৃদ্ধিতে কী ভূমিকা রাখে? বিশ্লেষণ কর। ৪

৯ ▸ রহমান ফার্মেসির মালিক জাকারিয়া স্বল্প মুনাফায় ভালো মানের ওষুধ ক্রেতাদের মধ্যে সরবরাহ করেন। অপরদিকে তার ছেলে অপর একটি ফার্মেসিতে বেশি লাভের আশায় মেয়াদোত্তীর্ণ বাজে মানের ওষুধ সরবরাহ করে প্রথমদিকে প্রচুর মুনাফা অর্জন করলেও পরবর্তীকালে তার দোকানে ক্রেতা সমাগম কমে যায়। কিন্তু ইকরাম ফার্মেসি সফলতার সঙ্গে ব্যবসায় পরিচালনা করছে।

ক. নৈতিকতা কী? ১
খ. রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব জাকারিয়ার ব্যবসায়ের নীতিটি বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে জাকারিয়ার ছেলের ফার্মেসিটি টিকে না থাকার সম্ভাবনা মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব আজাদ 'ওয়েল্ডিং মেশিনের' দোকান দিয়েছেন। তিনি বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দরপত্র প্রদানের মাধ্যমে জানালার গ্রীল, দরজা, সিঁড়ি ইত্যাদি তৈরি করে সরবরাহ করেন। অপরদিকে তার পাশেই জামানের একটি মুদি দোকান রয়েছে। বিভিন্ন পাইকারি দোকানে থেকে বিভিন্ন পণ্য কিনে এনে খুচরা মূল্যে বাজারে বিক্রি করেন। প্রতিদিন পণ্য সংগ্রহ আর বিভিন্ন ধরনের গ্রাহকের সাথে লেনদেনে তার ব্যস্ততা বিলাসের চেয়ে অনেক বেশি।

ক. ঐতিহ্য কোন পরিবেশের উপাদান? ১
খ. আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখাটি ব্যাখ্যা কর। ২
গ. আজাদের কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা কর। ৩
ঘ. 'জামানের ব্যবসায়ের কাজ আজাদের কাজ অপেক্ষা কষ্টকর' — তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ সিলেটের মনিপুরি মেয়ে অলকা এইচএসসি পাস করে পারিবারিক ব্যবসায়ের সাথে সম্পৃক্ত হয়ে যান। তাদের পারিবারিক ব্যবসায় বিভিন্ন ধরনের চাদর, মাফলার ইনেফি এবং মনিপুরি পোশাক স্থানীয় চাহিদা পূরণ করে দেশের বাইরের মানুষের চাহিদার একটি অন্যতম পণ্যে পরিণত হয়েছে। প্রতি বছর তার পারিবারিক ব্যবসায় হতে প্রচুর মুনাফা অর্জনের পাশাপাশি নিজস্ব সংস্কৃতির বিকাশ ঘটাতে পেরে তিনি খুবই প্রফুল্ল।


ক. ব্যবসায় উদ্যোগ কী? ১
খ. প্রযুক্তিগত পরিবেশ কী? ব্যাখ্যা কর। ২
গ. অলকার পারিবারিক ব্যবসায়ে কোন পরিবেশের অবদান রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. অলকার সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

## ১৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 1 4 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় উদ্যোগ ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸



ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. উন্নত যন্ত্রপাতি ব্যবহার কোন পরিবেশের অন্তর্গত? ব্যাখ্যা কর। ২
গ. তোমার ব্যবসায়ে কত প্রকারের বাধা আসতে পারে বলে তুমি মনে কর এবং বাধাগুলো কীভাবে প্রতিকার করবে– ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান বিশ্বে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ তমাল স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সবজি বাগানের ওপর প্রশিক্ষণ নেন। তিনি তাদের পারিবারিক জমিতে রাসায়নিক সারমুক্ত সবজি চাষ করেন। তার বন্ধুরা বলে, এতে ঝুঁকি আছে। তিনি মোটেও থেমে যাননি।
ক. আত্মকর্মসংস্থান কাকে বলে? ১
খ. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তমালের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তমালের মতো সম্ভাবনাময় উদ্যোক্তাদের অনুপ্রাণিত করার মাধ্যমে দেশে বিশাল উদ্যোক্তা শ্রেণি তৈরি করা সম্ভব"– মূল্যায়ন কর। ৪

৩ ▸ পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিরাজুল কবীর সমাজকর্মের ওপর একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও পরবর্তী পর্যায়ে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের চেয়ে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।
ক. পেটেন্ট কী? ১
খ. লাইসেন্স বলতে কী বোঝায়? ২
গ. অধ্যাপক সিরাজুল কবীরের সৃষ্ট কাজটি কীসের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. নকল প্রতিরোধে অধ্যাপক সিরাজুল কবীরের কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে মনে কর? ৪

৪ ▸ শেফালী বেগমের স্বামী ভবিষ্যতের কথা ভেবে একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন। হঠাৎ করে তার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যান। চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটি চুক্তি মোতাবেক মনোনীত ব্যক্তি শেফালী বেগমকে অর্থ পরিশোধ করেন।
ক. BSTI-এর পূর্ণরূপ কী? ১
খ. শিল্প বলতে কী বোঝায়? ২
গ. শেফালী বেগমের স্বামী কোন ধরনের চুক্তি করেছিলেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে অসহায় নারীদের পাশে দাঁড়ানো প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন কর। ৪


৫ ▸ তাহসিন ও তাওফিক দুই বন্ধু। তাদের ব্যবসায় প্রতিষ্ঠান পাশাপাশি অবস্থিত। তাহসিন ব্যবসায় পরিচালনায় কর্মীদের মতামত নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। তাওফিক কর্মীদের উপর সিদ্ধান্ত চাপিয়ে দেন এবং এর প্রভাব সম্পর্কে সচেতন নয়। কর্মীদের অসন্তোষের কারণে তাওফিকের ব্যবসায়টি ব্যর্থতার সম্মুখীন হয়।
ক. যিনি নেতৃত্ব দেন তাকে কী বলে? ১
খ. জেন্ডার সচেতনতা কী? ব্যাখ্যা কর। ২
গ. তাহসিন কোন ধরনের নেতা? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কর্মীদের উপর প্রভাব বিস্তারের অক্ষমতাটি তাওফিকের ব্যর্থতার কারণ"– মূল্যায়ন কর। ৪

৬ ▸ রতনের দোকানের পাশে একই ধরনের কয়েকটি দোকান গড়ে ওঠায় বিক্রির পরিমাণ কমে যায়। বিক্রয় বাড়ানোর কৌশল হিসেবে রতন দেখতে ভালো, সদালাপী এরকম একজন বিক্রয়কর্মী নিয়োগ দেন। কিছুদিন পর তার দোকানে বিক্রির পরিমাণ আগের অবস্থায় ফিরে আসে।
ক. কী দ্বারা পণ্যকে আকর্ষণীয় করা যায়? ১
খ. প্রমিতকরণ কী? ব্যাখ্যা কর। ২
গ. রতন বিক্রয়কর্মী নিয়োগে কোন ধরনের বৈশিষ্ট্যের বিবেচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিক্রয় বৃদ্ধিতে রতনের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন কর। ৪


৭ ▸

| প্রতিষ্ঠান | শ্রেণি |
|---|---|
| M | উৎপাদনকারী ↓ |
| N | পাইকার ↓ |
| O | খুচরা বিক্রেতা ↓ |
| P | ভোক্তা |

ক. বিপণন কাকে বলে? ১
খ. পরিবহন পণ্যের কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. কৃষিপণ্যের ক্ষেত্রে 'M' ও 'P' কীভাবে যোগসূত্র স্থাপন করতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পণ্যের চাহিদা ও যোগানের ভারসাম্য রক্ষায় 'N' এবং 'O' এর ভূমিকাকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

৮ ▸



ক. কোন যুগে কাগজি মুদ্রার প্রচলন হয়? ১
খ. ব্যবসায় বলতে কী বোঝায়? ২
গ. "?" চিহ্নিত উদ্দীপক কোন যুগকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুগের আলোকে ব্যবসায় কী শুধু ক্রয়-বিক্রয়ের মধ্যেই সীমাবদ্ধ? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯ ▸



ক. অর্থায়ন কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক বলতে কী বোঝায়? ২
গ. চিত্রিত উদ্দীপকে 'ক' স্থানে যে কাজটি করতে হয় সেখান থেকেই ব্যবস্থাপনার বাস্তবায়ন পর্যায় শুরু হয়– ব্যাখ্যা কর। ৩
ঘ. 'খ' স্থানের কাজটি কীভাবে পরিকল্পনার ভিত্তি বিবেচিত হয়? বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব ইমরান নিজ গ্রামে একটি পোশাক কারখানা স্থাপন করেন। অনুন্নত অবকাঠামোগত অবস্থা এবং কর্মীদের ডিজাইনের ওপর সঠিক প্রশিক্ষণ না থাকায় কারখানাটি নষ্ট হয়ে যায়। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন।
ক. ম্যাটসুসিটা কোন দেশের কোম্পানি? ১
খ. ব্যবসায় উদ্যোক্তা বলতে কী বোঝায়? ২
গ. জনাব ইমরানের উদ্যোগ ব্যর্থ হওয়ার প্রধান বাধা কী? বাংলাদেশের প্রেক্ষাপটে ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাগুলো বিশ্লেষণ কর। ৩
ঘ. কী কী ব্যবস্থা গ্রহণ করতে পারলে দেশের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের ব্যাপক সম্ভাবনার দ্বার উন্মুক্ত হবে বলে তুমি মনে কর? এর পক্ষে মতামত দাও। ৪

১১ ▸ বাংলাদেশ এক সময় ব্যবসায়-বাণিজ্যে সারা বিশ্বে সুপরিচিত ছিল। এদেশে এমন একটি বস্ত্র তৈরি হতো যার খ্যাতি দেশে দেশে ছড়িয়ে পড়েছিল। মেঘনা ও শীতলক্ষ্যা নদীর আবহাওয়া ও জলীয়বাষ্প বিখ্যাত বস্ত্রটির সুতা তৈরিতে সহায়ক ছিল। সাথে ছিল শ্রমিক ও কারিগরদের আন্তরিক পরিশ্রম ও সৃজনশীলতা। বর্তমানে ব্যবসায়িক পরিবেশের সবগুলো উপাদানের উন্নয়ন ঘটাতে পারলে ব্যবসায়-বাণিজ্যের অধিক প্রসার ঘটবে এবং ফিরে আসবে অতীত গৌরব।
ক. কোন বস্ত্রের জন্য বাংলাদেশের খ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল? ১
খ. ব্যবসায়িক পরিবেশ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে কোন পরিবেশের উন্নয়নের মাধ্যমে শ্রমিক ও কারিগরদের সৃজনশীলতা বিকাশ সম্ভব? ব্যাখ্যা কর। ৩৯
ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায়ের কোন পরিবেশের উন্নয়ন জরুরি বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

# মূল বইয়ের বাইরে আরও
# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবসায়ের অন্তর্ভুক্ত কাজ কোনটি?**
K মুনাফা অর্জনের জন্য পরিচালিত কাজ
L সামাজিক উন্নয়নে পরিচালিত কাজ
M নিজস্ব পুকুরে মাছের চাষ করা
N বৈধতার সাথে মুনাফা অর্জনে পরিচালিত কাজ

**২. অর্থনৈতিক কার্যক্রমের মাধ্যমে—**
i. অভাব পূরণ করা যায়
ii. অর্থ উপার্জন প্রচেষ্টায় জড়িত হওয়া যায়
iii. সভ্যতার বিকাশ ঘটানো যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**৩. বিনিময়ের মাধ্যম হিসেবে মুদ্রার প্রচলন হয় কখন?**
K প্রাচীন যুগে  L মধ্য যুগে
M আধুনিক যুগে  N প্রাগৈতিহাসিক যুগে

**৪. বিমা ব্যবস্থার প্রচলন হয় কোন যুগে?**
K প্রাচীন  L মধ্য
M আধুনিক  N প্রাগৈতিহাসিক

**৫. সাধারণ অর্থে যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?**
K শখ  L শিল্প  M ব্যবসায়  N উদ্যোগ

**৬. ম্যাটসুসিটা কোন দেশের প্রতিষ্ঠিত কোম্পানি?**
K বাংলাদেশ  L জাপান
M জার্মান  N চীন

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
নাঈম স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে মৎস্য চাষের ওপর প্রশিক্ষণ নিয়ে পারিবারিক পুকুরে মৎস্য চাষ করার সিদ্ধান্ত নেয়। কিন্তু মানুষ তাকে ঝুঁকির কথা বলে নিরুৎসাহিত করলেও সে থেমে যায়নি। বছর শেষে তার বেশকিছু টাকা মুনাফা হিসেবে অর্জন হয়।

**৭. নাঈমের মৎস্য চাষ শুরু করার কাজকে কী বলে?**
K উদ্যোগ  L ব্যবসায় উদ্যোগ
M শখ  N চাকরি

**৮. মানুষের পরামর্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় নাঈমের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
K সহনশীলতা  L সাহসিকতা
M ঝুঁকি গ্রহণের মানসিকতা  N উদ্যম

**৯. আর্থ-সামাজিক দিক থেকে বাংলাদেশ কোন ধরনের দেশ?**
K উন্নত  L অনুন্নত
M দারিদ্র্য  N উন্নয়নশীল

**১০. আত্মকর্মসংস্থানমূলক ব্যক্তির থাকতে হবে—**
i. কাঠের আসবাবপত্র তৈরি
ii. টেইলারিং  iii. রাবার চাষ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১১. প্রশিক্ষণ কর্মীদের কী বৃদ্ধি করে?**
K শক্তি  L শিক্ষা
M মনোবল  N অভিজ্ঞতা

**মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?**
K পাঁচ  L ছয়  M সাত  N আট

**১২. একটি অংশীদারি ব্যবসায় নিবন্ধনের জন্য উল্লেখ করতে হয়—**
i. অংশীদারি প্রতিষ্ঠানের নাম
ii. ব্যবসায়ের উদ্দেশ্য  iii. মুনাফার পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রথি, সাকিরা ও তন্বী তিন বান্ধবী সমঝোতার ভিত্তিতে একটা বড় ডিপার্টমেন্ট স্টোর চালায়। তারা ভাবল, তাদের ব্যবসায়ের একটি আইনগত পৃথক মর্যাদা না থাকায় সমস্যা হচ্ছে। তাই তারা একটা নতুন প্রতিষ্ঠান গড়ে তুলল।

**১৩. তিন বান্ধবী পরবর্তী সময়ে কোন ধরনের ব্যবসায় গঠন করেছে?**
K অংশীদারি  L রাষ্ট্রীয়
M যৌথমূলধনী  N সমবায় সমিতি

**১৪. উদ্দীপকে ব্যবসায়ের পৃথক মর্যাদা থাকবে বলতে বোঝানো হয়েছে—**
i. মালিক থেকে প্রতিষ্ঠানের সত্তা আলাদা হবে
ii. প্রতিষ্ঠান নিজ নামে পরিচিত ও পরিচালিত হবে
iii. ব্যবসায় ও মালিকের সত্তা অভিন্ন হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৫. ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি?**
K কর্মীসংস্থান  L পরিকল্পনা
M সংগঠিতকরণ  N নির্দেশনা দান

**১৬. নির্দেশনাকে কীসের সাথে তুলনা করা যায়?**
K নেতৃত্বের সাথে
L পরিকল্পনা বাস্তবায়নের সাথে
M কার্যবিভাজনের সাথে
N সমন্বয়সাধনের সাথে

**১৭. মানবসভ্যতার শুরুতে ব্যবস্থাপনা ছিল—**
i. পরিবারভিত্তিক
ii. দলভিত্তিক  iii. ব্যক্তিগত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৮. কোনটির যথার্থতার ওপর প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে?**
K নির্দেশনা  L নেতৃত্বে
M পরিকল্পনা  N কর্মীসংস্থান

**১৯. পরিকল্পনা সম্পর্কে যথোপযুক্ত তথ্য হলো—**
i. পরিকল্পনা হলো চিন্তন প্রক্রিয়া
ii. প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে পরিকল্পনা প্রণীত হয়
iii. পরিকল্পনা হবে ধারাবাহিক কর্মপ্রচেষ্টা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' কোম্পানির ব্যবস্থাপক শাহীন সাহেব ব্যক্তিগত মতের ওপর ভিত্তি করে যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি অন্য কারো মতামতকে প্রাধান্য দেন না। ফলে কর্মীদের মধ্যে সমস্যা সৃষ্টি হয়।

**২০. শাহীন সাহেব কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করেন?**
K গণতান্ত্রিক  L মুক্ত
M আমলাতান্ত্রিক  N স্বৈরতান্ত্রিক

**২১. ব্যবস্থাপক কোন ধরনের নেতৃত্ব গ্রহণ করে এই সমস্যার সমাধান করতে পারে?**
K গণতান্ত্রিক  L মুক্ত
M আমলাতান্ত্রিক  N স্বৈরতান্ত্রিক

**২২. বিপণনের অপর নাম কী?**
K উৎপাদন  L ক্রয়-বিক্রয়
M বিক্রয়  N বাজারজাতকরণ

**২৩. মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করাকে কী বলে?**
K পর্যায়িতকরণ  L প্রমিতকরণ
M গুদামজাতকরণ  N মোড়কিকরণ

**২৪. বিপণনের মাধ্যমে উপযোগ সৃষ্টি হয়—**
i. সময়গত  ii. স্থানগত
iii. স্বত্বগত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৫. বিক্রয়ের সাথে জড়িত—**
i. পণ্য ও সেবার চাহিদা নির্ধারণ
ii. ক্রেতা অনুসন্ধান
iii. মূল্য নির্ধারণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৬. BIM কোন মন্ত্রণালয়ের অধীনে?**
K শিল্প  L কৃষি  M বাণিজ্য  N শিক্ষা

**২৭. যুব প্রশিক্ষণ কেন্দ্র কোথায় রয়েছে?**
K বিভাগীয় শহরে  L প্রতিটি জেলায়
M প্রতিটি থানায়  N প্রতিটি ইউনিয়নে

**২৮. কোন ব্যবসায়ের সদস্যদের দায় সীমিত?**
K খুচরা  L যৌথমূলধনী
M অংশীদারি  N পাইকারি

**২৯. কৃত্রিম ব্যক্তিসত্তা হওয়ার কারণ কোম্পানি যেসব সুবিধা ভোগ করে সেগুলো হলো—**
i. সিল ব্যবহার করতে পারে
ii. অন্যের সাথে চুক্তি ও লেনদেন করতে পারে
iii. প্রয়োজনে মামলা করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | N | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | K | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | K | ১৯ | M | ২০ | N | ২১ | N | ২২ | K | ২৩ | N | ২৪ | K | ২৫ | N | ২৬ | N | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ১৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি প্রতীকের অন্তর্গত নয়?**
K চিহ্ন L মোড়ক
M ডিভাইস N লেবেল

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
আশিক পড়াশোনা শেষ করে অর্থনৈতিকভাবে অনগ্রসর জনবহুল এলাকায় একটি ফাস্ট ফুডের দোকান করেন। পরবর্তীকালে লোকসানে পড়ে ব্যবসায়টি স্থানান্তর করে অন্যত্র সরিয়ে নেন।

**২. আশিকের ব্যবসায় পরিকল্পনায় কোনটি ঘাটতি ছিল?**
K বাজারের আকার L শিক্ষার হার
M পণ্যের চাহিদা N কারিগরি ত্রুটি

**৩. আশিকের ব্যবসায় স্থানান্তরের কারণ—**
i. ভোক্তার আয় কম
ii. স্থান নির্বাচন ভুল
iii. বাজারের আকার ছোট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. সমচ্ছেদ বিন্দু জানা থাকলে সম্ভব হয়—**
i. মূল্য নির্ধারণ
ii. মুনাফা পরিকল্পনা
iii. পণ্যের মান নির্ধারণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. প্রকল্প নির্বাচনের শেষ ধাপ কোনটি?**
K প্রকল্প চিহ্নিতকরণ L প্রতিবেদন প্রণয়ন
M প্রকল্প মূল্যায়ন N প্রকল্প বিশ্লেষণ

**৬. সমর্থনমূলক সহায়তা কোনটি?**
K প্রশিক্ষণ L প্রচার
M ভর্তুকি N সমস্যা দূরীকরণ

**৭. নৈতিকতা মানুষের কীসের সঙ্গে জড়িত?**
K পুঁজির L কর্মের
M চাহিদার N পণ্যের

**৮. বিদ্যালয় কোন ধরনের প্রতিষ্ঠান?**
K রাজনৈতিক L পারিবারিক
M অর্থনৈতিক N সামাজিক

**৯. সরকারের প্রতি ব্যবসায়ীর দায়বদ্ধতা হলো—**
i. নিয়মিত কর প্রদান
ii. কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি
iii. সর্বোচ্চ মুনাফা অর্জন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. বিভাগ উপবিভাগের মধ্যে আন্তঃসম্পর্ক তৈরি করে কোনটি?**
K পরিকল্পনা L সংগঠন
M কর্মীসংস্থান N সমন্বয়সাধন

**১১. কর্মীসংস্থানের আওতাভুক্ত—**
i. কর্ম পরিবেশ
ii. কর্মী নিয়োগ
iii. পদোন্নতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. কোন দেশের আশি ভাগ ব্যবসায় একমালিকানাভিত্তিক?**
K বাংলাদেশ L ভারত
M ইংল্যান্ড N জাপান

**১৩. কোন ধরনের অংশীদারকে ব্যবসায়ের পাওনাদার বলা হয়?**
K ঘুমন্ত L আপাতদৃষ্টি
M সীমিত N নামমাত্র

**১৪. সমবায়ের একজন সদস্য সর্বোচ্চ কত অংশ শেয়ার ক্রয় করতে পারেন?**
K এক-তৃতীয়াংশ L দুই-তৃতীয়াংশ
M এক-চতুর্থাংশ N এক-পঞ্চমাংশ

**১৫. জীবন বিমা করপোরেশন কোন মন্ত্রণালয়ের অধীনে?**
K অর্থ L তথ্য
M বাংলাদেশ সেনাবাহিনী
N শিল্প

**১৬. যৌথমূলধনী কোম্পানির অন্তর্ভুক্ত দলিল—**
i. স্মারকলিপি
ii. নিবন্ধনপত্র
iii. পরিমেল নিয়মাবলি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. জেসিপিএসসির শিক্ষার্থী কর্তৃক উদ্ভাবিত রোবটের স্বীকৃতির জন্য কোনটি প্রয়োজন?**
K কপিরাইট L ট্রেডমার্ক
M পেটেন্ট N নিবন্ধন

**১৮. যে ব্যক্তি বিমাপত্রে স্বীকৃতি দেয় তাকে কী বলে?**
K বিমাকারী L বিমাগ্রহীতা
M বিমা এজেন্ট N দালাল

**১৯. ট্রেডমার্কের নিবন্ধন বাতিল হতে পারে—**
i. মেয়াদ শেষ হলে
ii. শর্ত ভঙ্গ হলে
iii. অভিযোগ প্রমাণিত হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. সিদ্ধান্ত গ্রহণে বেশি সময় লাগে কোন নেতৃত্বে?**
K মুক্ত L গণতান্ত্রিক
M আমলাতান্ত্রিক N স্বৈরতান্ত্রিক

**২১. প্রতিষ্ঠানের অন্যতম মানবিক সম্পদ কোনটি?**
K পুঁজি L প্রাকৃতিক সম্পদ
M সরকার N কর্মী

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
উৎপাদক → প্রতিনিধি → ভোক্তা

**২২. উদ্দীপকের বণ্টনপ্রণালির দ্বারা কোন পণ্য বিপণন হয়?**
K সাবান L সার
M তরমুজ N বিস্কুট

**২৩. উদ্দীপকের বণ্টনপ্রণালির দ্বারা লাভবান হয়—**
i. মালিক
ii. ভোক্তা
iii. মধ্যস্থ ব্যবসায়ী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. মার্জিত ব্যবহার বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি?**
K শারীরিক L মানসিক
M নৈতিক N অন্যান্য

**২৫. দর্শন শ্রবণযোগ্য বিজ্ঞাপন মাধ্যম কোনটি?**
K রেডিও L নিয়ন আলো
M পণ্যসজ্জা N টিভি

**২৬. সিলেটের বিছানাকান্দি হতে পাথর উত্তোলন কোন শিল্পের উদাহরণ?**
K নির্মাণ L উৎপাদন
M প্রজনন N নিষ্কাশন

**২৭. কোন জায়গায় জাহাজ নির্মাণ কারখানা ছিল?**
K বরিশাল L হালিশহর
M খুলনা N সেন্টমার্টিন

**২৮. ব্যবসায় উদ্যোগ বহির্ভূত কোনটি?**
i. নতুন পণ্য বা সেবা
ii. ছাদ বাগান
iii. পারিবারিক মুরগি খামার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. গণবিজ্ঞপ্তির মাধ্যমে বিলোপসাধন হয় কোন অংশীদারের?**
K ঘুমন্ত অংশীদার L সীমিত অংশীদার
M আপাতদৃষ্টি অংশীদার N নামমাত্র অংশীদার

**৩০. ফ্রানসাইজিং চুক্তির সীমাবদ্ধতা কোনটি?**
K ব্র্যান্ডেড পণ্য L চুক্তি
M অধিক পুঁজি N প্রশিক্ষণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | K | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | M | ২৫ | N | ২৬ | N | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | M |

## ১৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 1 4 3

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবসায় কোন ধরনের কর্মকাণ্ড?**
K ব্যক্তিগত L পারিবারিক
M অর্থনৈতিক N সামাজিক

**২. বিনিময়ের মাধ্যম হিসেবে স্বর্ণ, রুপা ব্যবহৃত হতো কোন যুগে?**
K প্রাচীন যুগ L মধ্যযুগ
M আধুনিক যুগ N অত্যাধুনিক যুগ

**৩. বাণিজ্যের কাজ হলো—**
i. পণ্য বিনিময়
ii. উৎপাদন
iii. বিজ্ঞাপন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. একজন উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?**
K কর্মোদ্যোগ
L ব্যবসায় পরিচালনা
M সংবেদনশীলতা
N ঝুঁকি নিতে সহায়তা

**৫. কর্মসংস্থানের প্রধান উৎস কী?**
K চাকরি L কৃষিকাজ
M ব্যবসায় N আত্মকর্মসংস্থান

**৬. সফলতার সাথে ব্যবসায় পরিচালনার জন্য প্রয়োজন?**
i. স্থায়ী মূলধন
ii. জনশক্তি
iii. চলতি মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রফিকের কম্পিউটার এন্ড কম্পোজের একটি দোকান রয়েছে। তিনি ৩ মাসের কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে তার প্রতিষ্ঠিত 'রফিক কম্পিউটার এন্ড কম্পোজ সেন্টার' থেকে আগের চেয়ে বেশি আয় করতে পারছেন।

**৭. প্রশিক্ষণ গ্রহণের পর মি. রফিকের আয় বেশি হওয়ার কারণ কী?**
K মূলধনের সদ্ব্যবহার
L সম্পদের সদ্ব্যবহার
M জনশক্তির সদ্ব্যবহার
N সময়ের সদ্ব্যবহার

**৮. প্রশিক্ষণ মি. রফিকের কী বৃদ্ধি করেছে?**
K দূরদৃষ্টি L সাহসিকতা
M কর্মদক্ষতা N মিতব্যয়িতা

**৯. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?**
K ৫ L ৬
M ৭ N ৮

**১০. কোন ব্যবসায়ের আইনের চোখে পৃথক সত্তা নেই?**
K অংশীদারি L যৌথমূলধনী
M প্রাইভেট লিমিটেড N একমালিকানা

**১১. প্রাইভেট লিমিটেড কোম্পানির সর্বনিম্ন সদস্যসংখ্যা কত?**
K ২ L ৩
M ৭ N ১০

**১২. রাষ্ট্রীয় ব্যবসায় প্রতিষ্ঠিত হওয়ার কারণ হলো—**
i. অধিক শিল্পায়ন
ii. অধিক কর্মসংস্থান সৃষ্টি
iii. জনকল্যাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. ব্যবসায়ের নাম তালিকাভুক্তকরণকে কী বলে?**
K নিবন্ধন L লাইসেন্স
M নিবন্ধক N মালিক

**১৪. কপিরাইট হলো ব্যবসায় উদ্যোক্তার—**
K ব্যয় L আয়
M সম্পদ N দায়

**১৫. বিমা কী?**
K ব্যবসায় L ঝুঁকি
M চুক্তি N দলিল

**১৬. কোনটি পণ্যের গুণগত মান বৃদ্ধিতে ভূমিকা রাখে?**
K প্রযুক্তি L উৎপাদক
M ব্যবসায়ী N সুষ্ঠু ব্যবস্থাপনা

**১৭. কোন ধরনের নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়?**
K গণতান্ত্রিক L মুক্ত
M আমলাতান্ত্রিক N স্বৈরতান্ত্রিক

**১৮. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
K সময়গত L স্থানগত
M ঝুঁকিগত N তথ্যগত

**১৯. বিপণনের অন্যতম কাজ কোনটি?**
K ক্রয় L বিক্রয়
M পরিবহন N মোড়কিকরণ

**২০. কৃত্রিম সংকট সৃষ্টি না করা কীসের অন্তর্ভুক্ত?**
K সামাজিক আইন
L ব্যবসায় নীতি
M ব্যবসায়ের নৈতিকতা
N ব্যবসায়িক আইন

**২১. কোম্পানির সংবিধান কোনটি?**
K স্মারক লিপি
L নিবন্ধনপত্র
M কার্যারম্ভের অনুমতি পত্র
N পরিমেল নিয়মাবলি

**২২. ব্যবসায়ের প্রধান লক্ষ্য কী?**
K জীবিকা নির্বাহ L মুনাফা অর্জন
M ক্রয়-বিক্রয় N সেবা প্রদান

**২৩. সামাজিক পরিবেশের উপাদান হলো—**
i. ভোক্তাদের মনোভাব
ii. ব্যাংকিং
iii. ঐতিহ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. কত শতাব্দীতে এদেশে এসে পর্তুগিজরা বাণিজ্য করতে শুরু করেন?**
K পঞ্চদশ শতাব্দী L ষোড়শ শতাব্দী
M বিংশ শতাব্দী N একবিংশ শতাব্দী

**২৫. সময়গত বাধা দূর করে কোনটি?**
K পরিবহন L গুদামজাতকরণ
M ব্যাংকিং N বিমা

**২৬. হ্যাচারি কোন শিল্পের অন্তর্গত?**
K প্রজনন L নির্মাণ
M উৎপাদন N নিষ্কাশন

**২৭. কোনটির মাধ্যমে শিল্পখাতসহ সকল খাতের উন্নয়ন সম্ভব?**
K উদ্যোগ L ব্যবসায় উদ্যোগ
M শিল্প উদ্যোগ N যৌথ উদ্যোগ

**২৮. একজন উদ্যোক্তার গুণাবলি হলো—**
i. সংবেদনশীলতা
ii. সৃজনশীলতা
iii. উদ্যম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. কোন পেশায় আয়ের সম্ভাবনা সীমিত?**
K ব্যবসায় L আত্মকর্মসংস্থান
M শিল্প N চাকরি

**৩০. শ্রমিকদের দক্ষ হিসেবে গড়ে তোলা যায় কীভাবে?**
K কাজের মাধ্যমে
L অধিক মজুরি দিয়ে
M প্রশিক্ষণের মাধ্যমে
N বেশি পরিশ্রম করিয়ে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | M | ৯ | K | ১০ | N | ১১ | K | ১২ | N | ১৩ | K | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | L | ১৯ | K | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | L | ২৫ | L | ২৬ | N | ২৭ | L | ২৮ | N | ২৯ | N | ৩০ | M |

## ১৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 1 4 3

সময়—৩০ মিনিট

### ব্যবসায় উদ্যোগ • বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মালিকানাসংক্রান্ত বাধা দূর করে বাণিজ্যের কোন উপাদান?**
K পরিবহন L ব্যাংকিং
M পণ্য বিনিময় N গুদামজাতকরণ

**২. ব্যবসায় সংগঠনের উদ্ভব হয় কখন?**
K প্রাচীন যুগে L মধ্যযুগে
M আধুনিক যুগে N প্রাগৈতিহাসিক যুগে

**৩. যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় বলে মনে করে, তাকে কী বলে?**
K নৈতিকতা L মূল্যবোধ
M সততা N দায়বদ্ধতা

**৪. কী কারণে একজন উদ্যোক্তা অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ হতে পারে?**
K জলবায়ুর পরিবর্তন
L অধিক মূলধনের জন্য
M শ্রমিকের সংখ্যাধিক্য
N নিজের প্রতি অত্যধিক বিশ্বাস

**৫. কোন পুঁজির অভাবে বাংলাদেশের অনেক শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে?**
K চলতি L স্থায়ী
M নিজস্ব N ঋণ

**৬. ব্যবসায়ে স্থান নির্বাচনের ক্ষেত্রে যেসব বিষয় বিবেচনায় আনতে হবে—**
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. বাজারজাতকরণের সুবিধা
iii. অবকাঠামোগত সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. দিন দিন মানুষের কী বাড়ে?**
K অর্থ L চাহিদা
M উপযোগ N যোগান

**৮. সকল ব্যবসায় কোনো দেশের প্রচলিত —— দ্বারা স্বীকৃত ও বৈধ হতে হয়।**
K আইন L রাজনীতি
M সংস্কৃতি N অর্থনীতি

**৯. কপিরাইট হলো ব্যবসায় উদ্যোক্তাদের ——।**
K ব্যয় L আয়
M দায় N সম্পদ

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
লাবিব ও আবির দুই বন্ধু সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। বাংলাদেশে এ ব্যবসায়টির নিবন্ধন বাধ্যতামূলক নয়। তথাপি তারা একটি নিবন্ধন করার ইচ্ছা প্রকাশ করলেন।

**১০. দুই বন্ধুর ব্যবসায়টি কোন ধরনের?**
K অংশীদারি L একমালিকানা
M সমবায় N পাবলিক লিমিটেড

**১১. কোনটি পণ্য প্রতীকের বহির্ভূত?**
K ডিভাইস L ব্র্যান্ড
M শিরোনাম N মোড়ক

**১২. সমবায়ের শাব্দিক অর্থ কী?**
K একক প্রচেষ্টা L উদ্যোগ
M সম্মিলিত উদ্যোগ N স্বেচ্ছায়

**১৩. মুনাফা অর্জন ব্যবসায় উদ্যোগের কোন ধরনের উদ্দেশ্য?**
K সাধারণ L প্রধান
M সহায়ক N গুরুত্বপূর্ণ

**১৪. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারাকে কয়টি পর্যায়ে বিভক্ত করা হয়েছে?**
K ৫টি L ৩টি
M ৭টি N ৪টি

**১৫. আমিনুলের শিক্ষাগত যোগ্যতা কতটুকু?**
K এস.এস.সি L এইচ. এস.সি
M ডিগ্রি N অনার্স

**১৬. বাংলাদেশে যেক্ষেত্রে ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তার প্রয়োজনীয়তা অনস্বীকার্য তা হলো—**
i. অর্থনৈতিক উন্নয়নে
ii. কর্মসংস্থান সৃষ্টিতে
iii. মুদ্রাস্ফীতিরোধে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৭. ব্যবসায় সফলতার সাথে পরিচালনার জন্য প্রয়োজন—**
i. চলতি মূলধন
ii. স্থায়ী মূলধন
iii. শেয়ার মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৮. ব্যবসায় উদ্যোগের সাথে আত্মকর্মসংস্থানের সম্পর্ক কীরূপ?**
K নিবিড় L খুব নিবিড়
M কিছুটা অমিল N বিপরীত

**১৯. হর্টিকালচার কী?**
K মৌমাছি পালন L উদ্যান পালন
M ফলের চাষ N মৎস্য চাষ

**২০. বর্তমানে কোন শিল্পের ডিজাইন ও দক্ষ কারিগরি জ্ঞান অপরিহার্য হয়ে পড়েছে?**
K কুটির শিল্প L ক্ষুদ্র শিল্প
M মাঝারি শিল্প N বৃহৎ শিল্প

**২১. নতুন নতুন শিল্প স্থাপনের মাধ্যমে নিচের কোনটি বৃদ্ধি পায়?**
K অর্থ L দক্ষতা
M আয় N বিনিয়োগ

**২২. উন্নয়নশীল দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি না হওয়ার কারণ হলো—**
i. জনসংখ্যা বৃদ্ধির দুর্বার গতি
ii. অর্থনীতির অনগ্রসরতা
iii. পরিকল্পনাহীন উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. কর্মীদের জানার সুযোগ দান কোন ধরনের নেতৃত্বের বৈশিষ্ট্য?**
K আমলাতান্ত্রিক L মুক্ত নেতৃত্ব
M স্বৈরতান্ত্রিক N গণতান্ত্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সুমন শহর থেকে কাপড় কিনে গ্রামে বিক্রি করেন। তিনি ভোক্তাদের চাহিদা ও আগ্রহ অনুসারে কাপড় সরবরাহ করে থাকেন।

**২৪. মি. সুমনের ব্যবসায়টি কী বলা হয়?**
K পাইকারি L বিক্রয় প্রতিনিধি
M খুচরা N মজুতদারি

**২৫. বিপণন কার্যাবলিতে মি. সুমনের কাজটি হচ্ছে—**
i. ক্রয়-বিক্রয়
ii. তথ্য সংগ্রহ
iii. ভোক্তা বিশ্লেষণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. কোন বুদ্ধিবৃত্তিক সম্পদ সংরক্ষণের জন্য সব দেশেই আইনগত বিধিবিধান রয়েছে?**
K আসবাবপত্র L যন্ত্রপাতি
M পেটেন্ট N অফিস সরঞ্জাম

**২৭. আমাদের দেশের অধিকাংশ ব্যবসায় সংগঠনগুলো কীরূপ?**
K একমালিকানা L অংশীদারি
M সমবায় N রাষ্ট্রীয়

**২৮. পুঁজিবাদী সমাজের দ্বারা সৃষ্ট বৈষম্য দূরীভূত হয় কীসের মাধ্যমে?**
K অংশীদারি ব্যবসায় L যৌথমূলধনী ব্যবসায়
M সমবায় সমিতি N রাষ্ট্রীয় ব্যবসায়

**২৯. 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১০' অনুযায়ী মোট জাতীয় উৎপাদনে শিল্প খাতের অবদান শতকরা কত ভাগ?**
K ৩৫ ভাগ L ২০ ভাগ
M ৩০ ভাগ N ১৫ ভাগ

**৩০. পণ্যসামগ্রীকে নষ্ট বা ভেঙে যাওয়া থেকে রক্ষা পাওয়ার জন্য কি করা হয়?**
K প্রমিতকরণ L পর্যায়িতকরণ
M গুদামজাতকরণ N মোড়কিকরণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | L | ৪ | N | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | N | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | L | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | L | ১৯ | L | ২০ | K | ২১ | N | ২২ | N | ২৩ | N | ২৪ | M | ২৫ | N | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ২০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ১০

বিষয় কোড : 1 4 3

### ব্যবসায় উদ্যোগ ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রতীকের ক্ষেত্রে নিচের কোনটি অসামঞ্জস্য?**
K রং L নাম
M ব্র্যান্ড N মোড়ক

**২. 'কর্মীদের উপর সুনির্দিষ্ট আদেশ দেন না'— এটি কোন ধরনের নেতৃত্ব?**
K গণতান্ত্রিক L আমলাতান্ত্রিক
M মুক্ত N স্বৈরতান্ত্রিক

**৩. বছর শেষে প্রত্যাশিত মুনাফার চেয়ে প্রকৃত মুনাফা কম হওয়া—**
K আর্থিক ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M সামাজিক ঝুঁকি N নিরাপত্তার ঝুঁকি

**৪. দেশের মোট শ্রমশক্তির পরিমাণ কত?**
K ৩ কোটি ৬৭ লক্ষ L ৪ কোটি ৬৭ লক্ষ
M ৫ কোটি ৬৭ লক্ষ N ৬ কোটি ৬৭ লক্ষ

**৫. ব্যবসায়ের স্থান নির্বাচনের ক্ষেত্রে লক্ষ রাখা প্রয়োজন—**
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. বাজারজাতকরণের সুবিধা
iii. অবকাঠামোগত সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৬. ইশতিয়াক মাদকদ্রব্য বিক্রয় করে বিত্তশালী হয়েছেন। তার কাজটি ব্যবসায় বহির্ভূত হওয়ার প্রধান কারণ হলো—**
K ঝুঁকি ও অনিশ্চয়তা বিদ্যমান
L বিক্রয়ের অভিপ্রায়
M আইনগত বৈধতার অভাব
N লেনদেনের পৌনঃপুনিকতার অভাব

**৭. কোনটি প্রাচীন যুগের কাজ?**
K কৃষি কাজ
L কাগজি মুদ্রার প্রচলন
M মোবাইল ব্যাংকিং
N বাজার সৃষ্টি

**৮. আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিশ্চিত করা যায়—**
i. শহরমুখী জনস্রোত নিয়ন্ত্রণ
ii. গ্রামীণ সমাজ ও অর্থনীতির উন্নয়ন
iii. সরকারি-বেসরকারি চাকরির উপর নির্ভরতা হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৯. ব্যবসায়িক সাফল্য অর্জনে উদ্যোক্তা কোন কাজটি ত্যাগ করেন?**
K অন্যের অনুকরণ L ঝুঁকি গ্রহণ
M ব্যক্তিগত বিনোদন N প্রশিক্ষণ গ্রহণ

**১০. সাধারণত কাচের গ্লাস দ্বারা বিভিন্ন রকমের পণ্য সাজিয়ে রাখা কোন ধরনের বিজ্ঞাপন?**
K পণ্যসজ্জা L বিজ্ঞাপনীফলক
M মেলা N প্রদর্শনী

**১১. হার্টিকালচার কী?**
K মৌমাছি পালন L উদ্যান পালন
M ফলের চাষ N মৎস্য চাষ

**১২. পণ্য প্রতীকের অন্তর্ভুক্ত হলো—**
i. ব্র্যান্ড
ii. সংখ্যাযুক্ত উপাদান
iii. মোড়ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. বিডিবিএল-এর এস এম ই খাতে সর্বনিম্ন ঋণের হার কত?**
K ৩০% L ৪০%
M ৫০% N ২০%

**১৪. 'শতরঞ্জি' কোন ধরনের কুটির শিল্প?**
K মৃৎ L পাটজাত
M খাদ্য N হস্ত

**১৫. হ্যাচারি কোন শিল্পের অন্তর্গত?**
K প্রজনন শিল্প L নির্মাণ শিল্প
M সেবা শিল্প N নিষ্কাশন শিল্প

■ **নিচের উদ্দীপকটি মনোযোগ সহকারে পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
সাতবন্ধু নিবন্ধনপত্র সংগ্রহ করে স্বাধীন সত্তাবিশিষ্ট একটি ব্যবসায় প্রতিষ্ঠান চালাচ্ছে। সম্ভাবনা থাকলেও নতুন মূলধন সংগ্রহে সমস্যা হওয়ায় তারা মালিকানার ধরন পরিবর্তন করেছে। এখন তারা জনগণকে শেয়ার ক্রয়ের আহ্বান জানাতে পারবে।

**১৬. বন্ধুরা অনেকদিন কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান চালিয়েছে?**
K অংশীদারি L প্রাইভেট লি.
M পাবলিক লি. N সমবায় সমিতি

**১৭. বন্ধুরা নতুন মূলধন সংগ্রহের সুবিধা ছাড়াও নতুন প্রতিষ্ঠান থেকে আর যে সুবিধা পাবে তা হলো—**
i. শেয়ার অবাধে হস্তান্তর করতে পারবে
ii. আইনের কড়াকড়ি থেকে কিছুটা রেহাই পাবে
iii. প্রতিষ্ঠানটির প্রতি জন আস্থা বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. নির্দেশনাকে কীসের সাথে তুলনা করা হয়েছে?**
K নেতৃত্বদানের
L পরিকল্পনা বাস্তবায়নের
M কার্যবিভাজনের
N সমন্বয়সাধনের

**১৯. বর্তমানে কোন শিল্পের ডিজাইন ও দক্ষ কারিগরি জ্ঞান অপরিহার্য হয়ে পড়েছে?**
K কুটির শিল্প L ক্ষুদ্র শিল্প
M মাঝারি শিল্প N বৃহৎ শিল্প

**২০. ২০১০—১১ আর্থিক বছরে জিডিপির শতকরা হার কত?**
K ৫.১৮% L ৫.২৬%
M ৫.২২% N ৫.১৬%

**২১. ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার বৈশিষ্ট্য কয়টি?**
K ২টি L ৪টি
M ৩টি N ৫টি

**২২. নিচের কোনটির মাধ্যমে নতুন উদ্যোক্তা সৃষ্টি করা যায়?**
K প্রশিক্ষণ L প্রচার-প্রচারণা
M অর্থসংস্থান
N রাজনৈতিক স্থিতিশীলতা

**২৩. বিজ্ঞাপনের কোন মাধ্যম ব্যবহার করে খুব সহজেই পণ্যের গুণাগুণ, বৈশিষ্ট্য ও মূল্য সম্পর্কে জনগণকে অবহিত করানো যায়—**
K প্রচারপত্র L প্রাচীরপত্র
M বিজ্ঞাপনী ফলক N টেলিভিশন

**২৪. পরিবেশ দূষণ রোধে সরকারের উচিত—**
i. আইন প্রণয়ন করা
ii. আইন প্রয়োগ করা
iii. বিদেশি সহায়তা গ্রহণ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতা কে?**
K হেনরি ফেওল L হেনরি ফোর্ড
M রবার্ট ফোর্ড N ফোর্ড

**২৬. নতুন পণ্য প্রক্রিয়া উদ্ভাবন করে থাকে—**
K BCSIR L BSTI
M BITAC N BARD

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মোবাইল ফোন বিক্রেতা জনাব সৈকত বাণিজ্য মেলা, মীনা বাজার ও শিল্পমেলায় মোবাইল ফোন প্রদর্শন করেন।

**২৭. জনাব সৈকতের কাজটি কোনটির অন্তর্ভুক্ত?**
K বাজার জরিপ L পরিবহন
M বিজ্ঞাপন N তথ্য সংগ্রহ

**২৮. জনাব সৈকতের কাজটির মাধ্যমে—**
i. পণ্যের বাজার সম্প্রসারিত হয়
ii. পণ্যের সুনাম বৃদ্ধি পায়
iii. জনগণ নতুন পণ্য সম্পর্কে জানতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. ইথস [Ethos] শব্দটি উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?**
K ইংরেজি L গ্রিক
M বাংলা N হিন্দি

**৩০. পণ্যসামগ্রীকে সুন্দর ও আকর্ষণীয় করতে কী করা হয়?**
K পর্যায়িতকরণ L মোড়কীকরণ
M প্রমিতকরণ N গুদামজাতকরণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | K | ৪ | M | ৫ | N | ৬ | M | ৭ | K | ৮ | N | ৯ | M | ১০ | K | ১১ | K | ১২ | K | ১৩ | L | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | K | ১৯ | K | ২০ | M | ২১ | L | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | N | ২৯ | L | ৩০ | L |

5242011